শক্তিদাধাতা জ্ঞান থাকে, দেখা যায় যে এতংদমুদায়ে অভিজ্ঞ देवड भागनकः ৰ্যক্তিগণই সেই কাৰ্যে প্ৰবন্ধ হইয়া থাকে। আবার, দেখা **पश्चानगरा मटकम**---वर्षे यहवाली যায় যে, মহী মহীধর মহাসমুদ্র প্রভৃতি বল্পসমূহের নির্মাণ এতিপক্ষের উল্লি— कार्य काशास्त्रा मेखिन्माधा नटर अवर छाशासन छेशासन বিষয়েও কাহারে৷ (সঠিক) জ্ঞান নাই, অভএব এই সকল বস্তু চেতন কর্তৃক নিৰ্মিত হইতে পাৰে না। অতএৰ, ঘট মনিক (জালা) প্ৰাভৃতি 'জ্ঞু' পদাৰ্থেৰ শমজাতীয় যে সকল °কার্য'-বজা সম্পাদনে বাভাব দামর্থোর বোধ আছে এবং তাহার উপাদান প্রভৃতি কাবদেবও জ্ঞান আছে দেই দকণ বৃদ্ধিমান চৈতত্ত-বিশিষ্ট কর্তার বিষয়ে এই অভুমান সাধিত হইতে পাবে, উক্ত প্রকাব 'জ্ঞু' বস্তুর বা কার্যবন্ধর 'কার্যত্ব' ধর্মটি হইতে। অর্থাৎ এই 'কার্যত্ব' হেড্ব দ্বারা বুদ্ধিমান কণ্ডাক্সপ সাধ্যকন্ত বিষয়ে অনুসান সাধিত হইবে। অভিপ্রায় এই বে-একটি ভার্যবন্ধ বা জন্মবন্ধ দেখিলেই অনুমিত হয় যে ইহার এবজন ৰুদ্ধিনান কণ্ডা আছে বাঁহাৰ এই কাৰ্য সম্পাদনে সামৰ্থ্য আছে এবং ইহাৰ উপাদান কাৰণ সম্বন্ধে বোধ আছে 140

আবাৰ, যখন দেখিতে পাওবা ৰায় যে, ঘটাদি কাৰ্যবন্ধ অনীধর অন্ত্ৰপ্ত এবং অন্তৰ্শক নাম হৈছে। আৰু অপুৰ্বান্ধ পুত্ৰক কছক নিমিত (অৰ্থাং এই কাৰ্যব হৈছেটি ওতং কাৰ্যবন্ধ কাৰ্যবা কৰ্তান্ধপ 'সোধা' বছৰ অনুদানক কিবাৰে অনোনাকালেও) তথাবিধ (হোটাদি নিৰ্মাণ্ডৰ অনুস্বাণ) 'গাৰান্ধপ' কাৰণ বা কৰ্তা পুন্যবহই অভিত সাংল কৰিবে (অৰ্থাং অনীধৰ অন্তৰ্জ অন্তৰ্শক্তি কৰ্তান সাধন কৰিবে)। অত্যৱহ, আপোনাৰ নিৰাধ্যিতিত, অৰ্থাং আপোনি (অহ্যান-আনবেশ ম্বান্ধ চিংবং কাৰ্যবন্ধ ছাপনাভিলামী) খ্যাবাৰ সামৰ কৰিতে অভিলম্পিত দেই চিংবং কাৰ্যবন্ধী পুন্যবাৰ সামৰ কৰিতে অভিলম্পিত দেই ডিকাৰ্ম কৰিবেক) পুন্যবন্ধ সামৰ্থতা সাম্বিৰন্ধ প্ৰভৃত্তিত্ব বিপ্নীত (অস্বৰ্যভাত) প্ৰত্ৰেশ্বন প্ৰস্থতিত প্ৰত্ৰিক বিপ্নীত (অস্বৰ্যভাত)

বিপরীতসাধনাৎ বিৰুদ্ধঃ স্থাৎ। ন চৈতাবতা সর্বানুমানোচ্ছেদপ্রসঙ্গঃ।

লিন্দিনি প্রমাণাম্বরগোচরে লিন্নবলোপস্থাপিতা বিপরীতবিশেষাম্ভৎ-প্রমাণপ্রতিহতগতযো হি নিবর্ত্তন্তে। ইহ ত, সকলেতরপ্রমাণাবিষয়ে লিঙ্গিনি নিখিলজগন্নির্মাণচতুবে অন্বয়ন্যতিরেকাবগতাবিনাভাবনিয়ুমাঃ

অনীশ্ববতাদি) ধর্মেব সাধন কাববে। স্থুতবাং উক্ত (ঘটনাদি বিষয়ে) 'কাযুত্ব হেতৃটি স্বজ্জাদি ধর্মবিশিষ্ট কারণ বা কর্তারূপ সাধ্যবস্তুর বিরোধীই হইযা প্ডিবে। (আপনারা বলিভে পারেন যে,) সাধ্যবস্থাত ধর্মের মধ্যে বিরোধ দেখা দিলে সমস্ত অনুমান প্রমাণেব উচ্ছেদ সম্ভাবিত হইবে, ১ (মৃতরাং অনুমান-প্রমাণে 'সাধ্য'বস্তব ধন বিষ্যে অস্ত্রসন্ধান নিবর্থক।) এ কথা ঠিক নতে, যেহেড়, যেথানে সাধ্যবস্তুটিৰ বিষ্যে অনুমান ভিন্ন (প্ৰত্যক্ষাদি) অভ প্রমাণের দ্বারা যেরপা জানা যায় সেখানে অনুমান প্রমাণের দ্বারা যদি ভবিপরীত কোন বিশেষ বিশেষ ধর্ম প্রতিপাদন করিতে যাওয়া হয় তখ^{ন্ই} সেই বিশেষ ধর্মগুলি প্রভাকাদি প্রমাণায়বের ভারা বাধিত হওয়ার জ্ঞ অনিদ্ধ হইয়া পড়ে। এই আলোচা ন্তলে, অর্থাৎ কাবনবস্তু বা জগৎকর্ত্তা কর্পে অসুমান প্রমাণেক স্থাল, এই সাধ্যবস্তৃটি কিন্তু প্রভাকাদি অন্য কোন প্রমাণের বিষয় নহে, সুত্যাং জগতেব নিখিল বল্পর নির্মাণ-চত্র সেই সাধাবস্তর বিষয়ে অর্থাৎ চেতনাভিরিক্ত ঈশ্বর বিষয়ে, অর্বমূর্যে ও ব্যভিবেক-মুখেং যে সকল দাধারণ ধর্মেব অবিনাভাব অর্থাৎ নিয়ত সম্বন্ধ স্থিবীকত হয

১-অত্থান-প্রমাণের উচ্ছেদ সভাবিত হটবে--রাগ্রাহরক্লপ 'দপ্তে' বলির প্রতিত বর্তমান বহুমের পাতাপি দিয়াশলাই আদি সাধ্যবস্তুর অসুমান, পর্বতক্ষণ পক্ষে যদি ৰজিও পৰিত এই পাতালি দিয়ালদাই অনুধান কয়া হয়, তাবে এই खकाद खनानीएक नमक चल्पात्मत के छहन वहेशा याहेरत चन्ना नमक चल्यान निमर्थक চটতা যাট্রে ১

২—অধ্যনুৰে ও ব্যতিয়েক মুখে—একের অভিন্তে বে অপবের অভিন্তু ভাগাকে रान 'चदश्यू(द⁹। ददा—मुखिकात चखिए। चहित चखिष्ठ। अहमत चलाहर (प चन्द्रद चकार फाराद नाम 'राफिट्टक्यू'न'। एल - पृथ्विकात चकारन प्रदेव चम्छा। धनाम सन्द निर्दात्र। पुरुष्त्व महस्रतन अर्शनिक स्ट्रीब मध्य पान। मृहकाद (चयवपूर), गर्रकाट अर्दनकिए दिना सामाछत निर्दायकर्ता वरेटण मारवन मा (दा^{त्}ट्रइडम्ब) ।

শাস্ত্রযোনিত-অধিঃ, স্থত্র ৩] ধর্মাঃ সর্ব এবাবিশেষেণ প্রসজ্যন্তে ; নিবর্ত্তকপ্রমাণাভাবাৎ তথৈবাব-তিষ্ঠন্তে। অতঃ আগমাদ্ ঋতে কথনীখন্তঃ মেৎস্তাতি ॥৮॥

অত্রাহঃ — সাবয়বদাদেব জগতঃ কার্যছং ন প্রত্যাখ্যাতুং ভবন্তি চ প্রয়োগাঃ — বিবাদাধ্যাসিতং ভূ-ভূধরাদি-কাৰ্যং, সাবয়বজাৎ, ঘটাদিবৎ। তথা, বিবাদাধ্যাসিতম্ অবনি-জলধি-মহীধরাদি-কার্যৎ, মহত্ত্বে সতি ক্রিয়াবড়াৎ, ঘটাদিবৎ। ए.जू-ভুবনাদি-কার্যং মহত্ত্বে সতি মূর্গুজাৎ; ঘটাদিবদিতি। সাবয়বেষু দ্রব্যেষু 'ইনমেব ক্রিয়তে, নেতরৎ', ইতি কার্যছন্ম নিয়ামকৎ সাবয়ব-

সেই সকল সাধারণ ধর্মেরই সম্ভাবনা থাকে (কিন্ত কোন বিশেষ ধর্মের সম্বন্ধে**র** সম্ভাবনা থাকে না।) অভএব, সিদ্ধান্ত করিতে হইবে যে, যধন ঘটাদি নিৰ্মাভাব দুটান্তে জগৎকৰ্তার অনুমান-প্ৰমাণে উপৰি-উক্ত দোষ সমূহ দেখা যায এবং এই হেতৃ অহুমানের গাবা স্বজ স্বশক্তি জগৎকর্তা বা ঈখব অমাণিত হয় না তথন আগম বা শাল্লের সাহায্য ব্যতীত (জগৎকাবণবন্ত) ঈখব কিবপে দিদ্ধ হইতে পাবেন? (অর্থাৎ শাল্লের দ্বাবাই ইম্বরকে জগৎ-কারণ বস্তু প্রতিপাদন করিতে হইবে) ॥৮॥ ভ্রাতা পুরুষগণ বলিয়া থাকেন—ভ্রগতেব সাব্যবহ্বপ বৈশিষ্ট্যের জন্মই

ভাহাব 'কার্যছরপ' ধর্মটি প্রভ্যাখ্যান করিতে পারা যায না। (অর্থাৎ, ষেধানে यथात व्यवयक त्रथात त्रथात हे कार्यक - देशहे निष्म ।)

এ বিষয়ে নিম্নোক্তপ্রকাব 'অসুমান-প্রমাণের' প্রয়োগ করা হইয়া পুনহার পূর্বপক থাকে-বিবাদের বিষয়ীভূত পৃথিবী সমূত পর্বতাদি পদার্থ অনুমান-প্রমাণবংগী ममूनय हटेएलए 'कार्यवस्तु' वर्षा छेरशानगीय वस्तु, स्पर्द् নৈয়ারি কাদির ইহারা অব্যববিশিষ্ট, দৃষ্টাপ্ত বেমন ঘটাদি অব্যববিশিষ্ট বস্তা। প্রভাঙি

পুনরায, বিবাদাভিল্যিত পৃথিবী সমূত্র ও পর্বতাদি হইডেছে 'কার্য-বস্তু', যেহেতু এই সকল বল্পতে ভুলছ ও জিয়াবল বর্তমান, দৃষ্টান্ত যেমন ঘটাদি। আবাৰ, দেহ এবং ভূৰনাদি হইতেছে 'কাৰ্যৰম্ভ', বেহেতৃ ঐ দকল বস্ততে স্কুলতার সহিত মুর্ত্তর (আবাব-বিশিষ্ট্র বিজ্ঞান) দৃষ্টান্ত বেমন—ঘটাদি। দেখুন, ন্তব্যসমূহেব মধ্যে 'এটি বৃত অর্থাং উৎপাদিত, অগ্রটি উৎপাদিত নহে' এইরূপ নিশ্চিত অবধারণার জম্ম তো সাবরবছ ভিন্ন অন্ত কোন লক্ষণ অবগত হওয়া থাতিরেকি রূপান্তরং নোপলভানহে। কার্যব্রপ্রতিনিয়তং শক্যক্রিয়ৎ
শক্যোপাদানাদিবিজ্ঞানত্বং চ উপলভ্যতে ইতি চেৎ; ন, কার্যবেনাত্বমতেহপি বিষয়ে জ্ঞান-শক্তী কার্যান্তনেয়ে, ইতি অগ্যক্রাপি সাবয়্রবথাদিনা কার্যথং জ্ঞাতনিতি তে চ প্রতিপরে এবেতি ন কণ্চিদ্বিশেবঃ।
তথা হি, — ঘটনণিকাদিয় ক্তেয়ু কার্যথদর্শনাত্ত্বিতকত্ত্র্পত-তরির্মাণশক্তিজ্ঞানঃ পুরুষোহদৃষ্টপূর্বং বিচিত্রসন্নিবেশং নরেন্দ্রভবননালোক্য
অবয়বসনিবেশবিশেবেণ তত্ত্ব কার্যথং নিশ্চিত্য, তদানীমেব
কর্ত্তুজ্জ্জানশক্তিবৈচিত্র্যান্তনিনোতি। থতঃ তন্তুবনাদেঃ কার্যথে

যায় না। যদি বলা হয় যে, নির্মাণের উপযোগিতা এবং শক্তি সাধ্য উপাদান-কারণ প্রভৃতি বিষয়েব বিশেষ জ্ঞানই উক্ত নিশ্চিত অবধারণাৰ কারণ, তহত্তবে বলি-না, ভাহা ঠিক নহে। কাৰণ, যে বিষয়টি 'কাৰ্যবন্ধ' বলিমা অহুমোদিত আছে অর্থাৎ যাহাকে 'কার্যবস্তু' বলিখা নির্বিষ্ঠান স্বীকার ক্বা হইবাছে সে বিষয়টীতেও তৎকর্তাব যে উপয়ক্ত ভার ও শক্তির অভিত তাই**!** কেবল বস্তর কার্যছ বা উৎপত্তির দ্বারাই অনুমান করিয়া লইতে হয়। অস্তত্ত্রও (ঘটাদি প্রসিদ্ধ কার্যবস্তু ভলেও) সাব্যবদ্বাদি হেতৃৰ ফলেই (ঐ দকল বস্তুৰ) কামছ ধর্মটি জ্ঞাত হওয়া যায়, এবং এই কার্মছ জ্ঞানের ফলেই সেই কার্ম বিষয়ক জ্ঞান ও শক্তিও জ্ঞাত হইযা পডে। অতএব, এ ক্ষেত্রেও (ঘটাদি কার্যবন্ধ হইতে পুথক হইলেও দেহ-ভূবনাদি কার্য বিষয়ে সাব্যবন্ধ হৈছু উপনি উক্ত নিষমাবলীর) কিছু মাত্র বিশেষ বা বৈলক্ষণ্য নাই। উদাহরণ ৰবাপ বলা যায-(কুণ্ডকাৰ কৃত) ঘট মণিক (জালা) প্ৰভৃতিব 'কাৰ্যন্ত' দুৰ্শনেই তৎবর্ত্তা কৃষ্ণকারে গেই সকল কার্যবস্তুর নির্মাণে যথোপযুক্ত জ্ঞান ও শক্তিব সন্তাবের উপলব্ধিকাৰী পুক্ষ, (যাহা পূর্বে কথনও দেখেন নাই এইজণ) অদৃষ্ট-পূর্ব বিচিত্র সংগঠনে গঠিত ৰাজভবন অবলোকন করতঃ ভাছাব বিভিন্ন অংশের বিশিষ্ট সল্লিবেশ দর্শনে ভাহার 'কার্যছ' বিষয়ে পূঢ়-নিশ্চর হইয়া থাকে এবং সঙ্গে সঙ্গেই কণ্ঠার অর্থাৎ রাজভবন নির্মাতার বিবিধ বিচিত্র জ্ঞানের বিষয়েও অনুমান করিয়া থাকে। অতএব, (অবয়ব-সন্নিবেশ দর্শন করতঃ) শরীর ও জগতের কার্যত ধর্মটিও (অঞ্মানের দারা) নিশ্চিত হইযা যায এবং তৎপরে

^{»—}ন কলিছিবোধঃ — পাঠভেদঃ ।

সিদ্ধে, সর্বসাক্ষাৎকার-তরির্মাণাদিনিপুণঃ কশ্চিৎ পুরুষবিশেষঃ সিধাতোব ৮৯॥

কিঞ্, দ্বিচেতনানাং ধ্যাধ্যনিনিত্তেংপি সুখচুঃখোপভোগে চেতনানধিষ্ঠিতয়োস্তয়োঃ অচেতনয়োঃ ফলহেতুত্বানুগপতেঃ, সর্ব-কর্মানুগুণ-সর্বফলপ্রদানচতুরঃ কশ্চিদাচ্ছেয়ঃ; বর্ধকিনা অন্ধিষ্টিতগ্য বাস্তাদেরচেতনস্ত দেশকালাল্যনেকপরিকর-সন্নিধানেহপি যুপাদি-নির্মাণসাধনতাদর্শনাৎ । বীজাঙ্কুরাদেঃ পক্ষান্তর্ভাবেন তৈর্ব্যভিচারা-

স্ব্ৰপ্তৰ সাকাংকাৰে সমৰ্থ এবং নিমাণাদি কাৰ্যে নিপুণ এমন একজন কৰ্তা পুক্ষ যে আছেন সে বিষ্যটি নিশ্চয 'অফুমান' দ্বাবা সিক হইখা যায।৯॥

(আবার, নিবীখনবাদীরা—বলিষা থাকেন যে, চেডনের অধিষ্ঠান ব্যতীভও

অচেডনের কার্য চলিতে পাবে। তাঁহাদেব মতবাদ খণ্ডনে আমবা বলি—) পুনঃ নিরীখরবাদীর

সমস্ত চেতনের সুখ ও ছঃখ ভোগেৰ নিমিত্তকাৰণ (অচেতনরূপী) ধর্ম ও অধর্ম বটে, কিন্তু ভাষা হইলেও কোন চেডনেব অধিষ্ঠান ভিন্ন দেই অচেতনবস্তু ধর্ম ও অধর্ম কোন ফল-প্রতিবাদে অনুমান-প্রমাণবাদী উৎপাদন করিতে সমর্থ হয না। (বিভিন্ন প্রকার ধর্মাধর্ম) নৈয়ায়িকাদির উক্তি

সমন্ত বার্যের অমুগুণ বিভিন্ন ফল প্রদানে চতুব কোন এক চেডনের অভিজ মানিতেই হয়। (অর্থাৎ চেতনেব অধিষ্ঠান ব্যতীত কোন অচেহনেব কার্য সম্ভব হয় না।) এই কাবশ্বশতাই দেশ কালাদি অত্যান্ত কারণ বিভ্নান থাকা সত্ত্বেও একজন স্মূত্ৰধাবের অধিষ্ঠান ব্যজীত ৰাদী (বাইস) প্ৰভৃতি অচেতন পদার্থের স্পাদি নির্মাণে অসাধনত্ব (অসামর্থা) দেখা যায। (তে নিরীখববাদিন,) যদি বলেন, বীল ও অঙ্কুব উভ্যেই অচেতন বস্ত হইযাও (কোন চেতনেৰ সাহায্য ব্যতীভই) যখন প্ৰম্পুর প্রম্পুরেৰ উৎপাদনে সমর্থ এবং মুখাদি অচেতন বিষয় কোন চেডনেৰ অধিষ্ঠান ব্যতীভই যথন মূখের উৎদুল্লভাদি বিভিন্ন কার্য সম্পাদনে সমর্থ, ভখন জগৎস্তিরূপ কার্যও তো কোন চেতনের অধিষ্ঠান ব্যতীতও সম্ভব হইতে পারে। (তছ্ত্তরে বিলি—) বীঞ্চাঙ্কুব প্রভৃতি বস্তুও তো थामारान विवासमञ्जे विश्वीकृत, विवासमञ्ज विष्कृत नरह । किंख-'नक' ध्येशीत অন্তৰ্ভু ক্ত (অৰ্থাৎ অঙ্কুন হইতে বীল হয় অখবা বীক্ত হইতে অঙ্কুর হয়--এই পক্ষ-খেণীর অন্তর্ভুক্ত, (সাধ্য-শ্রেণীর অন্তর্ভুক্ত নছে)। (মুডরাং এ সকল স্থলেও যে চেড-নের অধিচান নাই তাহা বলিতে পারা যায় না !) এ অবস্থায় উল্লিখিত (বীজারুঃ)

পাদনং শ্রোত্রিয়-বেতালানামনভিজ্ঞতাবিজৃ িতম্। তত এব স্তথাদিভির্বাভিচারদর্শনবচনমপি তইপব ॥১॰॥

ন চ, লাঘবেনোভয়বাদিসম্প্রতিপন্ন-ক্ষেত্রজ্ঞানামের ইদৃশমধি-ষ্ঠাত্থকলনং যুক্তন্। তেমাং স্ক্র-ব্যবহিত-বিপ্রকৃটদর্শনাশক্তি-নিশ্চয়াৎ; দর্শনাত্গুগৈর হি সর্বত্রশক্তিকল্পনাল। ন চ ফেক্তজ্বৎ

দৃষ্টান্তের বাবা (জিযাবাগাবে) চেতনের অধিঠিতত্ব নিষমের যে বাভিচার প্রদর্শন, তাথা বেদবিং বেডালদিগের> অনভিজ্ঞাবাই ফল বলিতে হইবে। অতএব, সুখাদি দৃষ্টান্তের বাবাও উক্ত নিষমের ব্যভিচার প্রদর্শনও এই প্রকার অনভিজ্ঞতাব ফল ॥১০॥

আবাৰ তর্কের বাঘৰতার (সরলতার)২ অসুরোধে ^{যে}, অক্ষান প্ৰয়াৰ ধাৰা (জগৎ-স্প্তিরূপ কার্যকালে), বাদী এবং প্রতিবাদী উভয সিদ্ধ উপরের জগত-কটাবাদী কর্ম খীকড় ক্ষেত্ৰভের অর্থাৎ কেবল জীবেরই পক্ষেরট (काउन्दर्भ छो (ब द অধিষ্ঠানত কল্লনা ভাহাও বৃক্তিযুক্ত নতে। কারণ, আমরা অগংকর্ডর থখন দাক্ষাংভাবে দেখিতে পাই যে অতি পুলা বস্তু, বাবহিত এবং অভুমানের श्वाचा केवटप्रच বন্ধ (অন্য বন্ধার দ্বাৰা অস্তরিভ) এবং দূরবর্তী বল্পব দর্শনে জীব অপংকর্ড দ্বর্থন সমূহের কোন শক্তি নাই (অপচ জগৎস্তির জন্য এই সকল শক্তি অবশ্য প্রয়োজন।) পকান্তরে এই সকল শক্তি বিষয়ে জীবেব স্থায

২—তার্ক দাঘৰতা—উতর পদীর কোন বিবাদের নীনাংলা করিতে হইলে
অস্কুল এবং প্রতিকূল উতর প্রকার তার্কের সহায়তা প্ররোজন। এই উত্তর প্রকার
অর্কের মধ্যে যে ওর্কটিতে অধিক সংবাক বিষয় অবল্যন করিতে হয় নেই ওর্কটি
গৌরর বাবে ছাই এই হেতু এই প্রকার তর্কটি ছ্র্বল বিল্রা ত্যালা। বেঁ ওর্কটিতে
আয়ওর সংবাক বিষয় অবল্যনে অভীউ দিছ হইবার সভাবনা থাকে, তর্কে অবল্যনীর
বিষয়ের সাধ্যতা গুলার জল নেই প্রকার তর্কটি প্রত্তরী বাহবিদ্যা

^{●—}সর্বতা কল্লমা—পাঠাভেদঃ I

১—বেডাল-পিখালানির মায় একপ্রকার দেবাযানি বিশেষ।

ঈশ্বরত্যাশক্তিনিশ্চয়োহন্তি। অতঃ প্রমাণান্তরো ন তৎসিদ্ধান্ত্পপলিঃ। সমর্থকত্ পূর্বকত্ব-নিয়তকার্যত্তেমা সিধ্যন্ স্বাভাবিকস্বার্থসাক্ষাৎ-কাবতন্নিয়ননশক্তিসম্পন্ন এব সিধ্যতি ॥১১॥

যত্ত্, অনৈশ্বর্যান্তাপাদনেন ধর্মবিশেষ-বিপরীতসাধনম্মুনীত্য, তদকুশানরতানভিজ্ঞজনিবন্ধনমৃ, সপক্ষে সহ দৃষ্টানাৎ সর্বেষাৎ কার্যস্তা-হেতুভূতানাঞ্চ ধর্মাণাং লিন্দিগ্যপ্রাপ্তেঃ ॥১২॥

ঈশ্বেৰও যে অশ্তি আছে তাহার কোন নিশ্চযতা নাই। অতএব, অহুমানাদি অত্যাশ্ব (প্রভাক ভিন্ন) প্রমাণের বলে জগৎ সৃষ্টিতে ঈশ্ববেষ কর্তৃত্ব সিদ্ধ করিতে কোন অহুপপতি বা বাধা দেখা যায না।

এইরূপ স্বীকাব করিলে, শক্তিশালী কর্তাব ঘারাই কার্যোৎপত্তিব নিয়ত নিয়ম গাকায়, জগৎস্রপ্তীব্যপ ঈশ্ববের क्युबारमञ्जूषां वांद्रा কর্তৃতি সিদ্ধ হইবার পরে, সর্ববিষ্ফের স্বাভাবিক প্রত্যক্ষ প্ৰতিকৰ্ম ইয়াৰেৰ সভাগত সমর্থন কবিবাৰ এবং ভাছাদেব নিষমন করিবাৰ শক্তি-সম্পান্নপে

তিনি প্রতিপন্ন হইয়াই পডেন ॥১১॥

আবার, (বুদ্তবর্তাদির দৃষ্টাভাগুসারে জগৎবর্তাব জনৈখ্বাদি ধর্মেব সম্ভাবনায় (জগৎরূপী) কার্যছের 'হেতুটিকে' জগৎস্তি বিবয়ে সাংক ধর্মেব

বিপন্নীত বা বিৰুদ্ধ ধৰ্ম বলিয়া ইতিপূৰ্বে (পৃ: ৩৫৫, ৩৫৬), ছে বৈদান্তিকগণ, ভৰৎ বৰ্ত্তক যাহা উক্ত হইযাছে ভাহা অসুমান-উহতের পাপ্রসমায় প্রণালীতে অনভিজ্ঞতা নিবন্ধনই বলিতে হইবে। কাবণ, बाही देवशस्टिक्ट প্রতিবাদে অসুমান দপকে অর্থাৎ 'কার্যছেব' অমুমানে, (দৃষ্টান্তকপে প্রদৃশিত नप्रपत्रवाकी देवदा কর্তু সাধ্য 'কার্যক্রণ' ঘটাদির স্থলে) কর্ত্তা কৃত্তকাবাদিতে রিক্র পুন: উত্তি-

যতগুলি ধম দেখা যায ভদ্মধ্যে যে ধর্মগুলি ঘটাদি বার্মেব কারণ নতে, বিচার্যস্থলে (জগৎকর্তৃত্বেব বিচাবস্থলে হেতুরূপ) দৃষ্টান্তগত দে সকল ধর্মের প্রাপ্তি নাই, এন্ডল্য অনুমান প্রমাণে সে সকল ধর্মের আলোচনার প্রযোজন হয় না১ ॥১২॥

১-- দৃষ্টাত ভিন্ন 'অসুমান-প্রধালী' প্রামাণ্য হয় না। অসুমান হলে বিচার্য विगरधत चमुक्त चवीर कार्यमाधक रव गक्त वर्ष मृखोख्य स्वया यात्र विठाउँ वश्वतिष्ठ কেবল সেই সকল ধর্মই আলোচনা করিতে হয় বিজ দু**উাতে দৃ**উ সমত ধর্মগুলিই এছণ যে করিডেই হইবে দে নিয়ন নাই। এইরূপ হইলে তো দৃষ্টাত এবং দাই ছিব এতসূক্তৎ ভবতি—কেনচিৎ কিঞিং ক্রিয়নাণং বোৎপত্তয়ে কর্ত্ত্ত্ব স্থানির্বাণসামর্থাং স্থোপাদানোপকরণজ্ঞানঞ্চাপেকতে; ন জ্ঞাসামর্থ্য-মন্তাজ্ঞানং চ হেতুবাভাবাং। স্থানির্বাণসামর্থ্য-স্থোপাদানোপকরণ-জ্ঞানাভ্যানেব স্থোৎপত্তাবুপপন্নায়াং সম্বন্ধিতয়া দর্শনমাত্রেণাকিঞ্ছিৎ-করস্তার্থান্তরাজ্ঞানাদের্হেত্ত্বকলনাযোগাৎ ইতি ॥১৩॥

তাৎপর্য এই বে—কর্তা যথন কোন কার্য সম্পাদন করিতে থাকে তথন
নেই ক্রিয়নাণ কার্যবন্তটি সন্থপাদনের জন্ম কর্তাতে ২টি বিষয়ের অপেকা
থাকে—(১) সেই বন্ধর নির্মাণে কর্তার শক্তি, (২) ঐ ক্রিয়নাণ বস্তুটির
উপাদান ও সহকারী কারণ বিষয়ে কর্তার জান। (কর্তাতে এই ২টি গুণ থাকিলে
তবেই কার্য-বন্ধটি সুসম্পন্ন হইতে গারে।) কিন্তু জন্ম বিষয় নির্মাণে কর্তার
সামর্থা আছে কিনা এবং জান আছে কিনা ভালা বিবেচনা করিবার কোন
প্রয়োজন নাই, কারণ তাৎকালিক কার্যবন্ধর উৎপত্তিতে সেগুলি হেড়ু নহে।
ক্রিয়নাণ বন্ধর নির্মাণে কর্তার শক্তি থাকিলেই এবং সে বিষয়েব উপাদান
এবং উপকরণগুলির জান থাকিলেই হ্রখন ঐ কার্যবন্ধটির উৎপত্তি সুসম্পন্ন
হইতে পারে তথন কর্তাতে দেখা গিয়াছে বলিয়াই বিষয়ান্তরে কার্য-অন্থলবাধী
জানাভাব প্রভৃতিকে উক্ত কার্যবন্ধটির উৎপাধনে সহায়ক বলিয়া বন্ধনা বন্ধা
বোন প্রকাধেই সমীটান হইতে পারে না ৪১৩।

মধ্যে কোন পাৰ্থক। থাকে না। আলোচান্তলে গন্থেই ইইডেছে বে জগং, যধন একটি কাৰ্থবন্ত তথন উহার একটি কর্তা, আহে, এই কর্তা ইবর কি নাংই ইবার উত্তর অধ্যান-প্রধাণের থারা নিশ্চন করা ইইডেছে। এ বিষয়ের কুডকারের দুটাত দেবারোই ইইডাছে। ঘটাদি নির্দাণ কার্যে কুডকারের যে সকল তপ পাকা প্রযোগন, কার্যান কর্তার জগং-সম্ভিক্ত কর্ষাণ প্রবিশ্বনার প্রকাশ কর্তার জগং-সম্ভিক্ত কর্ষাণ কর্ষাণ কর্ষান কর্ষাণ প্রকাশ কর্ষাণ কর্ষান কর্ষাণ কর্মান কর্ষাণ কর্মান কর্ষাণ কর্মান কর্ম

কিঞ্চ, ক্রিয়নাণবন্তব্যতিরিক্তার্থাজ্ঞানাদিকৎ কিং সর্ববিষয়ৎ ক্রিয়োপযোগি ? উত কতিপয়াবিষয় ? ন তাবৎ সর্ববিষয় ; ন হি কুলালাদিঃ ক্রিয়নাণব্যতিরিক্তৎ কিমপি ন বিজানাতি। নাপি কতিপয়বিষয় ; সর্বেষ্ কর্তৃষ্কু তত্তদজ্ঞানাশক্যনিয় সর্বেষামজ্ঞানা-দীনাং ব্যভিচারাৎ। অতঃ কার্যক্যাসাধকানাম্ অনীধরত্বাদীনাং লিফিয়প্রাপ্তিরিতি ন বিপরীতসাধনত্ব ॥১৪॥

আবা জিজাসা করি—(হে বৈদান্তিকগণ। ভবংকর্ত্ব) ক্রিংমাণ বস্তার ব্যাতিরিক্ত বিষয়ে কর্তার জানাভাববেও যে এই ক্রিমান উপযোগী (ক্রিয়াব সংগ্রহক) বলা হইয়াছে সে অজানাদি কি সর্ববিষয়ক ? অথবা বিভিপ্য বিষয়ক ? অর্থাং ক্রিমাণবস্তা ব্যাতিরিক্ত অক্ত সমত বিষয়ে জ্ঞানাভাব থাকিলেই এই কার্য সম্পন্ন হইতে পারে ? কিংবা কর্তিপ্যমার বিষয়ে জ্ঞানাভাব থাকিলেই কার্য হইতে পারে ? এতহুভযের মধ্যে সর্ববিষয়ে জ্ঞানাভাব বলা যায় না, কারণ, কুদ্রকার প্রভৃতি কর্তাগণের যে ঘটাদি বাতিরিক্ত অক্ত কোন বিষয়ে জ্ঞান লাভাব বলা যায় না কারণ, সকল কর্তাভেই যে একই প্রকার নির্দিষ্ট কর্তিপ্য বিষয়ে জ্ঞান ও অর্থাক, ক্রকণ কর্তাভেই যে একই প্রকার নির্দিষ্ট কর্তিপ্য বিষয়ে জ্ঞান ও অর্থাক থাকিতে হইবে এরল কোন বিষয় খাকে না। ১ (একপ অর্থায় কোন অজ্ঞান বা অর্থাকিট যে ক্রিমাণ কার্যের উপযোগী ভাষার নিশ্চমতা থাকে না।)

যুতবাং কোন অজ্ঞানটি বা অশক্তিটি ক্রিম্মাণ কার্যের উপযোগী সে বিষয় নিশ্বতা না থাকায এবং বিভিন্ন কার্যকর্তার ক্ষেত্রে ভিন্ন ভিন্ন অজ্ঞান বা অপক্তি বিভ্যান থাকায়, অপক্তি ও অজ্ঞানাদির কার্য-উপযোগিতা সহজে অনিয়ম ঘটে (ব্যাভিচার হয়)। অতএব বৃত্তিতে হববে যে, কার্যুত্বর অসাধক (অসহায়ক) যে সকল অনুমর্থাণি ধর্ম দুঠাতত্ত্বল কৃত্তকারে বিভ্যান আছে সেই লক্ষণ বা ধর্মগুলি হর্মা ক্ষাৎকর্তা বিষয়ে অর্থাৎ ঈবরে থাকে না বিশিয়া ভাষাবা বিপরীত ধর্মের (অকার্যুত্তর) সাধক হইবে ভাষা নহে ১১৪৪

১—কোন কুছকারের হ্রতো কেবল খটাদি নির্বাণে আন ও শক্তি আহে কিছ প্রকা আনালা প্রভৃতির নির্বাণে আন ও শক্তি নাই, আবার কোন কুজমারের উভয় প্রকার আন ও শক্তি আহে ইত্যাদি। অতএব কোন বিশেষ আন বা শক্তির অভারতি যে নির্বাহতারে অন্ত কোন প্রকার ক্রিয়মান কার্যে সহায়ক হইবে তারা

কুলালাদানাৎ দণ্ডচক্রাভাষিষ্ঠানং শরীরঘারেবৈর দৃষ্টম্, ইতি জগছপাদানোপকরণাধিষ্ঠানমীশ্বরভাশরীরভাত্মপপর্মিতি চেৎ; ন, সঞ্জনাত্রেবৈ পরশরীরগত-ভূতবেতালগরলাভাপগম-বিনাশদর্শনাৎ। কথমশরীরভেশরভা পরপ্রবর্তনরূপঃ সঞ্জঞ্জ ইতি চেৎ; ন, শরীরাক্তিক্জঃ সভ্জঃ, শরীরভা সভ্জহেতুজাভাবাৎ মন এব হি সভ্লহেতুঃ, তদভূপেগতমীশ্বরেহিপি, কার্যভেবিনৰ জ্ঞানশক্তিবল্পনগোহিপি প্রাপ্তজাৎ। মানসঃ সভ্জঃ সশরীরভাব, শরীরতাব সমনভ্জাদিতি চেৎ; ন, মনসোনিভাজেন বেহাপগমেহিপি ন্যনন্তঃ সভাবেনাকৈকাজিকজাৎ। জ্বতো

পুনরায, যদি বলেন—দেখিতে পাওয়া যাব যে, বৃত্তকার প্রভৃতি কর্তার। ভাহাদের শরীর ঘাবাই দণ্ড চক্র প্রভৃতি (ঘটাদি বার্থেব উপকরণের) উপবে অধিষ্ঠানকরতঃ চালনা করিয়া থাকেন, অতএব ঈশ্বর যখন অশরীরী তখন জগতের উপাদান ও উপুকরণ সমূহে ভাঁহার অধিষ্ঠান সম্ভব নতে (অভএব অগুমানের দ্বারা ইম্ববের জগংকর্ড থিমাণ কবা যায় না), ওল্লবে বলি — মা, একণা বলা যায় না. কাৰণ, দেখিতে পাওয়া যায় যে, (সমর্থ ব্যক্তির) সম্ভল্লমাত্র ভাছাদের মানসিক ভাবনাৰ দ্বারুই প্রশ্রীরে আবিষ্ট ভুত বেডালাদি (বক্ষ রক্ষের স্থায় দেবযোনি বিশেষ) ডত্তৎ শ্বীর ভাগে করিয়া যাইয়া থাকে এবং গরল বাবিষাদিও বিনষ্ট হইযা যায়। যদি প্রশাহয় শ্রীরবিহীন ঈশ্বরেব পরপ্রবর্তনরূপ সম্বন্ধ হইতে পাবে কি প্রকারে ? তত্ত্তবে বলি—সম্বন্ধ শবীর-সাপেক নতে। কারণ সহলবাপ কার্যে শরীবের হেডুছ নাই। কেবল মনই সন্ধান্তর হৈতু। ঈশরেও মনেব অস্তিত্ বীকাব করা হয়। কারণ, তাঁহার বিভিন্ন কার্যে যেমন জ্ঞান ও শক্তির পরিচয পাওয়া যায় সেইক্লপ মনের অন্তিত্বেবও পরিচয় পাওয়া যায়। যদি প্রশ্ন হয়—শরীবের একটি অচ্ছেড অস যথন মন তখন মানস সহল্লও স্পরীবীব প্রেছই সম্ভব (অপ্রীবীর প্রেছ সম্ভব হয় না)। তত্তত্তবে বলি—একথা ঠিক নছে, কারণ মন যথন নিত্য (এবং শরীর যথন অনিত্য) তথন দেহের বিনাশ হইলেও মনের অন্তিত্ব থাকিয়া যায়, পুডরাং বলিভে ছইবে যে মন থাকিলেই যে শরীর থাকিবে এ নিয়মটি ঐকান্তিক নছে (এ নিয়মের ব্যক্তিক্রমণ্ড দেখা যায)। অতএব, বিচিত্র

ক্রথমশরীরক্ত পরপ্রবর্তনক্রণসভ্ত্র — পাঠভেবঃ।

শান্ত্রযোনিত্ব-অধিঃ, পুত্র ৩] বিচিত্রাবয়বসন্নিবেশবিশেষ-তকুভুবনাদিকার্যনির্নাণে পুণ্যপাপ-পরবশঃ পরিমিতশক্তিজ্ঞানঃ ফেত্রজ্ঞোন প্রভবতি, ইতি নিখিলভুবন-নির্মাণ-চতুরোহচিস্ত্যাপরিমিতজ্ঞানশক্ত্যৈশ্বর্যোহশরীরঃ সংকল্পমাত্রসাধন-পরি-নিষ্পন্নানস্তবিস্তারবিচিত্ররচনপ্রপঞ্চঃ পুরুষবিশেষ ঈশ্বরোহত্মানেইনব সিধ্যতি। স্বতঃ প্রমাণান্তরাবসেয়তাদ্ বন্ধণঃ, নৈতদাকাৎ প্রতিপাদয়তি ॥১৫॥

কিঞ্, অত্যন্তভিন্নয়োরেব মৃদ্দব্য-কুলালয়োনিমিতোপাদানজ-দর্শনেন আকাশাদেনিরবয়বদ্রব্যক্ত কার্যজানুপপত্যা চ নৈক্ষেব ব্রহ্ম ক্তংমস্ত জগতো নিমিত্তমুপাদানঞ প্রতিপাদ্যিতুং শক্ষোতীতি ॥১৩॥

এবং প্রান্তে ক্রমঃ — যথোক্তলক্ষণং ব্রহ্ম জন্মাদিবাক্যং বোধয়তোর। কুতঃ? শাত্ত্রৈকপ্রমাণকজাদ্ ব্রহ্মণঃ। যদুক্তং – সাবয়বছা-

অব্যবেন সন্মিৰেশ্বিশিষ্ট শ্ৰীর এবং ভূবনাদি কাৰ্যবস্তুত নিৰ্মাণ-কার্য, পুণ্য গাণের অধীন পরিমিত শক্তি ও জ্ঞানের অধিকারী ্যুব্যুক্ত মার ক্রেন্ড জীবের প্রেফ ক্যনই সম্ভব ইইতে পাবে না। অসুমান প্রমাণবাদী পকান্তরে, সমগ্র ভূবন নির্মাণে সুদক্ষ অভিন্তা অপবিমিত জ্ঞান, শক্তি এবং ঐথর্যসপ্পা অশবীনী পুক্ষেব সম্ভন্নাত্রই অনন্তবিল্পৃত বিচিত্র রচনাপূর্ণ এই জগৎ-প্রপঞ্চ সাধিত হইয়াছে, এইরূপ পুক্ষ বিশেষ যে ঈশ্বৰ তিনি অনুমানের ছারা সিদ্ধ হইবা গাকেন। অভএব, ব্রহ্ম যথন শব্দ

ভিন্ন প্ৰমাণেৰ দ্বাবাই (উপবি-উক্ত) 'অহুমান' প্ৰমাণেৰ দ্বাৱাই) বিদ্ধ হইছে পারেন, তখন এই বাক্য ('যতো বা ইমানি ভূডানি…' বাক্য) ব্ৰহ্ম প্ৰতিপাদন আবার দেখা যায়, যখন মৃত্তিকা হইতেছে উপাদান কারণ এবং ভাষা কবিতে পারে না ॥১৫॥

হইতে অভ্যন্ত ভিন্ন দ্ৰব্য কৃষ্তকার হইতেছে নিমিত্তকাৰণ এবং যখন নিৰ্ব্যৰ্থ হেছু আকাশেব কাৰ্যছ অৰ্থাৎ উৎপত্তি সম্ভব হয় না (কারণ সাব্যব বস্তুরই কাৰ্যত্ব সম্ভব), তখন এক ব্ৰহ্মই যে সমগ্ৰ জগতের নিমিত্ত ও উপাদান উভয় প্রকার কারণ ভাহাও প্রতিপাদন কবিতে পারা যায না ॥১৬॥

(পূৰ্ব পক্ষৰাদীর) উক্ত দিছান্তেব বিষয়ে আমাদেব বক্তব্য এই যে — জগতের জন্মাদি জ্ঞাপক বাক্য নিশ্চয প্রমাবস্ত সিশ্বাস্ত পক্ষ—

বিষয়ে জানোৎপাদনে সমর্থ, কেন না, ব্রহ্ম বস্তুটি একমাত্র শান্ত-প্রমাণগম্য।

দিনা কার্যং সর্বং জগৎ; কার্যঞ্চ তচ্চ্ চিতকর্ত্বিশেষপূর্বকং দৃষ্টমিতি
নিখিলজগরির্মাণ-তত্নপাদানোপকরণবেদনচত্ন্তরঃ কশ্চিদনূমেয়ঃ—ইতি।
তদযুক্তম্; নহী-মহার্পবাদীনাং কার্যছেহপি একদৈবৈকেন নিমিতা
ইত্যর প্রমাণাভাবাৎ। ন চৈক্স ঘটস্তেব সর্বেবামেকং কার্যঘ্য,
বেইনকদৈব একঃ কর্ত্তা স্থাৎ। পৃথগ্ভূতেমু কার্বেমু কালভেদকর্ত্তেদদর্শনেন কর্ত্কালৈক্যনিয়মাভাবাৎ*। ন চ ক্ষেত্রজ্ঞানাং
বিচিত্রজগরির্মাণাশক্ত্যা কার্যঘ্যবিদ্যা তদ্তিরিক্তকল্পনায়ামনেককল্পনাম্পপত্তেশ্চক এব কর্ত্তা ভবিত্স্মর্হতি। ক্ষেত্রজ্ঞানামেবোপচিত-

আর যে আপনাদের সিদ্ধান্তে বলা হইয়াছে—সাব্যব বলিয়া সম্ভ জগংই কার্যবস্তু অর্থাৎ উৎপত্তিশীল বস্তু এবং কার্যবস্তু মাত্রেই ভংকার্য করণের উপযোগী গুণবিশিষ্ট কর্তাৰ দাবাই সম্পন্ন হইতে দেখা যায়, সুভরাং 'অফুমান প্রমাণের' ছালা নিশ্চয় করা যায যে জ্বগৎ-নির্মাণে নিপুণ এবং জগতের উপাদান ও উপকরণ বিষযের জ্ঞানে বিশেষ জ্ঞানবান (সুচ্ছুর), এমন একজন পুক্ষ এই কার্যরূপ জগতের স্জন কর্তা: (তে অমুমান-প্রমাণবাদিন) আপনাদের এই সিদ্ধান্তটি যুক্তিযুক্ত নতে। কাবণ,—(বিরাট) পৃথিবী এবং মহাসমূদ্ৰ প্ৰভৃতি পদাৰ্থ কাৰ্য বা উৎপত্তিশালী বল্প হইলেও একই দময়ে একজন কর্তৃক যে নির্মিত হইবাছে এ বিষয়ে 'অমুমানের' কোন প্রমাণ নাই। ইহাও বলা যায় না যে, সমস্ত বস্তুর কার্যজ্ ধর্মটি একই, অর্থা**ং স**মস্ত ঘটই যেমন একই উপাদানৰাপ যুভিকা হইডে নিৰ্মিভ সেইরাপ অভাভ সমস্ত পদার্থই একই উপাদান হইতে উৎপন। কারণ, কার্যবস্তুমাত্রই বিভিন্ন সময়ে বিভিন্ন কর্তার দ্বারা স্বষ্ট হইয়া থাকে। অডএব, কর্তাও কালের ঐক্যের সম্বন্ধে নিষমের অভাবই দেখিতে পাওয়া যায়। (হে অকুমানবাদী নৈয়ায়িকগণ।), ডংসত্তেও আপনারা যদি বলেন-—এই (বিশাল এবং) বিচিত্র জগৎ-নির্মাণে কোন (সাধারণ) ক্ষেত্রজ্ঞ জীবেরই শক্তি নাই বটে পরস্কু যেহেড় জগংটি কার্যব**ন্ত** (অডএর তাহাব একজন কর্ত্তা নিশ্চয আছে সুডরাং) জীবের অভিরিক্ত কোন কর্তার কল্পনা করিতে হয়। আপনাদের একথাও যুক্তিযুক্ত নহে কারণ, এইকাপ কর্তার অহুমান করিলেও অনেক কর্তার অহুমান কল্লনা করিতে হয়। এইরাপ বহু কর্তা কল্লনায় ভর্কের গৌরব দোষগভ বহু কর্তার অহুমান পরিত্যাগ

^{•—}विश्वामर्भनाद — गाउँएक्ट ।

পুণাবিশেষাণাং শক্তিবৈচিত্ত্যদর্শনেন, তেথানেবাতিশয়িতাসূপ্তমন্তানয়া
চ তত্ত্বিদক্ষণকার্যহেতু্বসন্তবাৎ, তদতিরিকাতান্তাসূপ্তপুরুষকলনাক্পপত্তেক। ন চ, যুগপৎ সর্বোচ্ছিত্তিঃ সর্বোৎপত্তিক প্রমাণপদবীনবিরোহতেঃ; অদর্শনাৎ, ক্রনেনৈবেংপত্তিবিনাশদর্শনাক্ত।
কার্যবেন সর্বোৎপত্তি-বিনাশয়োঃ ক্যামানয়োর্শর্শনাক্তথ্যেন ক্যনায়ামপি বিরোধাভাবাক। অতো বুদ্ধিমদেককর্ত্কতে সাধ্যে — কার্যবত্ত

পূর্বক একই কর্তা স্বীকার কবা উচিত। আবার, সমূচিত পুণাসম্পদ্ধ ক্ষেত্রজ্ঞ বা জীবগণের মধ্যে শক্তির নানাধিকাঞ্জনিত বৈচিত্র্য পরিণৃষ্ট হয়। ভাহাদেবই মধ্যে কাহাৰও নির্ভিশয় অনুষ্ট বা পুণ্য থাকা (এবং ডজ্জ্জু নির্ভিশ্য শক্তিও) यथन मस्य वादर वाहेन्नान (महारमोणागावान) विभिष्ठ कीरवह (विकित काद স্টিবাপ) কার্য সম্পাদ্যের কর্মছ থাকাও যথন সম্ভব, তথন সমস্ত জীবের অভিরিক্ত অভান্ত অনৃষ্ট (যাহা কখনও দৃষ্ট হয নাই) এইরূপ পুক্ষ বিশেষকে (পুক্ষোত্তনকে) জগংকতা বলিয়া কলনা বা অনুমান করা (আপনাদের পক্ষে) সদত নহে ৷ আবার, একই কালে যে সর্ববস্তব উৎপত্তি এবং সর্ববস্তব বিনাশ (ভাষা শারৈকসমঃ), ভাষা কথনো প্রমাণ প্রে উদয় হব না অর্থাৎ প্রমাণিত হয় না, কারণ, স্ব্রজ্জ এইরাপ যুগপৎ উৎপত্তি ও বিনাশ কোণাও কখনও **দেখা যায না কিন্তু ক্রেনাসুদাবেই উৎপত্তি ও বিনাশই বৃষ্ট হই**যা খাকে। (বৃষ্টান্ত অমুণায়ীই অনুসান বা কল্পনা করিতে হয়।) 'কার্যথের' ফলে অর্থাৎ উৎপত্তি-শীল বলিয়া সমস্ত বস্তুর উৎপত্তি ও বিনাশ অমুমান করিতে বর বটে কিন্ত দৃষ্টাস্ত-অমুসারে অমুসান করিলে কোন বিরোধ খাকে না (নতুবা বিরোধ ঘটে।) অভএব, ('অমুণানের' ঘারা) উপযুক্ত বৃদ্ধিমান একটি নাত্র পুক্ষের জগৎ-কর্ত্ত সাধন करिएल बरेएन 'कार्यक्' एक्किंड चरिनकास्तात्र धार 'भरका' विरमवर्गंड धारिकित

>—प्यत्नेकावा साथ-ज्यसान-दावारन, रहकूत वात्रां नावारव निर्मीण हह। एवर्षारन 'रहकूरि' जाटक जवक 'नावा' ववकि नावे अक्रण वरण 'रहकूत' व्यत्नेनावा स्मार ना प्राक्षित स्मार कथा। वर्षा-जर्मराज दुख्यान निर्माण अर्थार नावे वरेरवहर 'रहकू' दुव वरेरायस नावा। वर्षान् कृत ना वर्षान्यस्थ निर्माण वर्षा पर्यक्ष पर्यक्ष प्रतिकृत 'रहकूत' क्षेत्रेनवावा स्मार वर्षा वर्या वर्षा वर्षा वर्षा वर्षा वर्या वर्षा वर्षा वर्षा वर्या वर्षा वर्षा वर्षा वर्षा वर्या

২—পদ-বিশেষদের অসিদ্ধি—সাধ্যবস্ত অগৎকর্তার সর্বজন্ম এবং স্বপ্তিমন্ত্ প্রভৃতি যে সক্ষম ভূপ থাকা প্রয়োলন মেগুলি "অহমান-এসাপ" প্রভিত্তে সিম্ব করা স্বায় না, কারণ ধুটাতের যে সকল তথা ঘেবা যাব না।

অনৈকান্ত্যম্, পক্ষস্তাপ্রসিদ্ধবিশেষণত্তম্, সাধ্যবিকলতা চ দৃষ্টান্তস্ত; সাধ্যে সর্বনির্মাণচতুরকৈত্তকতাপ্রসিদ্ধে:। বুদ্ধিনৎকর্তৃকত্বনাত্রে সিদ্ধনাধনতা* । সার্বজ্ঞাসর্বশক্তিযুক্তন্ম কম্মচিদেকন্ম সাধকমিদং কার্যত্বং কিং যুগপত্ত্ৎপত্তমানসর্ববস্তগতম্, উত ক্রমেণোৎপত্তমান-সর্ববস্তুগতম্ ? যুগপঢ়ুৎপত্যমানসর্ববস্তুগততে কার্যজ্ঞাসিদ্ধতা। ক্রনেণোৎপদ্মমান-সর্ববস্তগতত্তে অনেক কর্তৃকত্বসাধনাদ্বিরুদ্বতা।

দোষ আদিয়া পড়ে এবং দৃষ্টান্তেব সাধ্য-বিকলতা১ দোষও ঘটে। কেননা, একই পুক্ষ যে কাৰ্যবন্ধকণ সৰ্বপদাৰ্থ নিৰ্মাণে চড়ৱ বা নিপুণ হইবে ডাহার প্রদিদ্ধি নাই। (অফুমান দ্বারা কেবল) যদি বৃদ্ধিমান কর্তাব অভিত নাংন কবিতে হয় ভাহা হইলে তো সিদ্ধ-সাংনভাত্মণ দোষ আসিমা প^{ডে} (কাৰণ, বৃদ্ধিমান না হইলে যে কর্তা হইতে পাবে না ভাষা ভো প্রাসিদ্ধই আছে, ভাহা সাধন করিবার ভো কোন প্রযোজন থাকে না)। (হে অহুমান-প্রমাণবাদিন) আব এক প্রশ্ন করি :--বে কার্যন্ত হেড়টি সাধনবস্ত সর্বজ্ঞ সর্বশক্তিমান জগৎকর্তার দাধক ভাহা কি বুগপৎ একই সময়ে উৎপন্ন সমগ্র কার্যবস্তাত ? অথবা ক্রমশঃ উৎপত্রমান সমস্ত বস্তাত ? যদি যুগপৎ উৎপত্রমান সমস্ত বন্ধণত বলা হয়, তাহা হইলে কার্যন্তেব (হেতুব) অসিদ্ধতা হয়; (কেননা একই সঙ্গে একই সময়ে সর্ব কাষেব উৎপত্তি বিষয়ে কোন প্রাসন্ধি তো নাই।) আবার, এই কার্যন্তকে (হেতুকে) ক্রমশঃ উৎপ্রমান সমস্ত বস্তুগত বলিযা স্বীকাৰ কৰিলে কৰ্ত্ব-বহুগুই সাধিত হয়। এইবাপ বহু-কৰ্তৃত্ব সাধক হুইলে তখন হেতুটিতে বিকল্পডা নামক দোষ আদিয়া পড়ো আবার (জগংস্প্রি

শিদ্ধগাধ্যতা — পাঠলেদঃ।

১—দুটাত্তের সাধ্য-বিক্লতা—সাধ্য বিষয়টি দুটাত্তেব প্রতিকূল হইয়া পড়ে। ঘটকর্তা কুত্তকারাদির দুটাত বারা বিচিত্র বিশাল জগৎকর্তাক্রণ সাধাবস্ত প্রতিপাদন করা যার না ৷

২—'হেতুর' বিকল্পতা দোব--বে সাধাবল্লর সাধনের জলু কোন 'হেতুর' উল্লেখ করা হয় সেই 'হেডুটি' ৰদি এই সাব্যবস্তুর বিরুদ্ধ কোন বস্তু প্রমাণ করে তখন এই 'ছেড়র' বিরুদ্ধতা বোৰ বিভাষান থাকে। বিরুদ্ধ খেড় ছালা কোন বিবারের 'অংমান-প্ৰাৰ'হয় না।

অত্রাপ্যেককর্ত্তকত্বসাধনে প্রত্যক্ষানুদানবিরোধঃ, শান্ত্রবিরোধশ্য, 'কুডকারো জায়তে' 'রথকারো জায়তে'* ইত্যাদিশ্রবণাৎ ॥১৭॥

धान ह, मर्दियार कार्यायार महीतामीनार महानिख्यकार्यक्रप-স্বখাছারয়দর্শনেন সন্ত্রাদিমূলত্বসবশ্যমাশ্রন্ত্রণীয়ম্। কার্যবৈচিত্র্য-হেতৃত্তাঃ কারণগতা বিশেষাঃ সত্তাদয়ঃ। তেষাং কার্যাণাং তন্মূলজাপাদনং তদ্যুক্তপুরুষাস্তঃকরণ-বিকারদারেণ। পুরুষম্ভ চ ভদ্যোগঃ কর্মগুলঃ,

কার্যে) একই বর্ত্তা সাধন করিতে যাইলেও প্রত্যক্ষেব্য সহিত অহুমানের বিকল্পতারূপ দোঘ ঘটিয়া পড়ে, আবার শাস্ত্র বিবোধও২ দেখা দেয়। (এই প্রদম্যে শাস্ত্রে 'কুন্তবাৰ জন্মিতেছেন' এবং 'নথকার জন্মিতেছেন' এই প্রকাব পুথকু পুথকু উদ্ধি আছত হয়। 'জমুমান-প্রমাণের' দ্বারা জগতের এক কর্ত্ত বীকার কবিলে উপরি-উক্ত দোষারলী উপস্থিত হয় ॥১৭।

আরও বিচার্য — দেখা যায় যে, শ্রীনাদি সমস্ত কার্যবন্ধতেই প্রথ-ছংখাদি অহ্য বা দ্বন্ধ বহিয়াহে এবং এই সকল মূখ হুংখ হইতেছে স্ভঃ বলঃ ডমঃ—এই গুণত্রের পরিণাম: মুভরাং ঐ দরণ শ্রীবাদি কার্যবস্তুর মূলে যে সন্থাদি গুণত্রয় আছে ভাষা অবশাই স্বীকার করিতে হইবে এবং বহিতে হইবে যে, কার্যবন্তব বিবিধ বৈচিজ্যেব হেডখরপ এই সন্তাদি গুণত্র্য হইতেছে ঐ সকল কার্যবন্ধর কর্ত্তগত বিশেষ ধর্ম। ইহাও বৃদ্ধিষা লইতে হইবে যে, मचामिखगम्मक धरे मकन विक्ति वार्यवस्त्रमूर मचामि खनवृक्त शुक्रस्य वा কর্তাৰ বিকার বা বিকাশবিশেষেৰ খাবাই সম্পাদিত হইয়া খাকে; কর্তা পুফলের সহিত সেই সভাদি অপযোগের মূল ফারণ হইতেছে—ভাহাদের কর্ম

^{•-- &}quot;वधकादण्ड" -- मात्रेरखाः ।

১--প্রত্যক্ষের সভিত অমুমানের বিরুদ্ধতা হোগ--ভিম ভির কার্যের ভিমু ডির क्छा लाजा प्रश्ने वात्र, प्रज्ञाः वर्षकार्य अक कर्छा बनितन शाजाप-विद्याप स्त्र । আবার প্রভাক্ত কেতে বছৰ বিভিন্ন কার্বের বিভিন্ন কর্তা দেখা বার তখন অপ্রভাক কেবেও কার্যভেদে ভিন্ন ভিন্ন কর্ত্তা অনুমান করা বাইতে পারে। ত্তরাং সমস্ত কার্যে এক কন্তা স্বীকার করিলে প্রত্যক্ষ দুটায়ের শহিত অনুযানের বিরোধ উপথিত হয়।

২—শাহ্রবিয়োগ—বিভিন্ন কার্যের জন্ত শাত্র বিভিন্ন কর্তার বিষয় বলিয়াতেন— 'ক্তবার জানতেছে' 'রথকাব জানতেছে'। এখন সকল কার্থের বৃদ্ধি একট কওঁ। हरेल जाहा हरेल कुछ ७ दावब अकरे क्छी हरेल। डेल्डाबब क्छी अक हरेला भारत এইরূপ পুণক্ উল্লি পাকিত না।

ইতি কার্যবিশেষারভারের জ্ঞানশক্তিবৎ কর্তৃঃ কর্যসম্বন্ধঃ কার্যহেতুত্বে-নৈবাবশ্যাশ্রয়ণীয়ঃ; জ্ঞানশক্তিবৈচিত্রাস্ত চ কর্মমূলছাৎ। ইচ্ছায়াঃ কার্যারভহেতুত্বেংগি বিষয়বিশেষবিশেষিতাযান্তস্তাঃ সন্তাদিমূল্যেন কর্মসম্বন্ধোহবর্জনীয়ঃ। অতঃ ক্ষেত্রজ্ঞা এব কর্তারঃ, ন তদিলক্ষ্ণঃ ক্ষিদ্দর্যানাৎ সিধ্যতি ॥১৮॥

ভবস্তি চ প্রয়োগাঃ — তন্ত্-ভুবনাদি-ফেব্রজ্ঞকর্তৃকম্, কার্যছাৎ, ঘটাদিবংশ্ল । ঈশ্ববঃ কর্তা ন ভবতি, প্রয়োজনশৃক্তছাৎ, মুক্তাছাবং ।

বা অনৃষ্ট । অতএব, কার্য সম্পাদনের জল্ঞ বেমন কর্তা পুক্ষের জ্ঞান ও শক্তি পীকার কবিতে হয় সেইরূপ কার্যের হেতুরূপে ভাষার কর্ম-সবছর অবশ্য বীকার করিতে হয় । কাবণ পুক্ষের কর্মই ভাষার জ্ঞান ও শক্তির বৈচিত্রোর মূল । (অর্থাৎ পুক্ষের পূর্ব পাপ-পুণ্য কর্মাপুরুপ ভাষার মধ্যে জ্ঞান ও শক্তির ন্যামধিকা বিজ্ঞান থাকে)। (আবার মধ্যি বলা বায় মে, পুক্ষের জ্ঞান ও শক্তির অপেকা থাকিলেও পুক্ষের ইচ্ছা ইইতেছে কার্য-আরজের একটি বিশেষ হেতু, তত্ত্তারে বলি—) ইচ্ছার কার্য হেতু থানিলেও কেবল ইচ্ছান্যাত্রেকই কার্যের হেতু বলা যায় না, কোন বিশেষ বিষয়ের প্রতি এই ইচ্ছা সম্ব থাকিতে হইবে (ত্রেই বেই বিষয়ে ইচ্ছাটি কার্যাব্যন্তর হেতু হইবে)। কর্তা পুক্ষের এইলপ ইচ্ছাব্য মুক্ত থাকিতে হইবে (ত্রেই হেই বিষয়ে ইচ্ছাটি কার্যাব্যন্তর হেতু হইবে)। কর্তা পুক্ষের এইলপ ইচ্ছাব্য মুক্ত পুক্ষের কর্ম-সম্বন্ত ভাগা করা যায় না। অতএব, এই আলোচনাব ছাবা অক্যান কবিতে হইবে যে (কর্ম-সম্বন্ধনিত জ্ঞান ও শক্তিবিশিষ্ট ইচ্ছাবিশিষ্ট) ক্ষেত্রজ্ঞ জীবগণই বর্তা, এবং এই জীব হইতে বিলক্ষণ ইম্বন্ধক আন্ত জ্ঞাংকভাগি বর্তা। বানা প্রমাণ করা যায় না। ১৮॥

এ বিষয়ে নিম্ন প্রকাব অনুমানেবও প্রযোগ হইন্তে পাবে। তত্ব (শরীর)
ও জুবনাদিব (হুগং প্রভৃতির) কর্তা, দেজেন্ত অর্থাৎ জীব; 'ংছডু'— কার্যজ্ব অর্থাৎ যেহেন্ত্ উহাবা 'হুল্য বস্তু' মা উৎপত্তিশীল বস্তু; দৃষ্টান্ত—ঘট। (অপব পক্ষে) ঈবর (ইহাদেব) কর্তা হওবা সম্ভব নহে; হেন্তু — এ সকল বিষয়ে তাহার কোন প্রযোজন নাই (অতএব ইছ্ছাও নাই), উদাহবণ — মুক্ত আছা।

^{•—}ঘটবৎ — পাঠ্ছেদঃ।

দিখনঃ কণ্ডা ন ভবতি, অশ্রীরত্তাৎ, তদ্বদেব। ন চ, ফেব্রজ্ঞানাৎ স্বশরীরাধিষ্ঠানে ব্যভিচারঃ, তত্ত্রাপ্যনাদেঃ স্থাশরীরস্থ সদ্ভাবাৎ। বিমতিবিষয়ঃ কালো ন লোকশৃষ্যঃ, কালত্তাৎ, বর্ত্তমানকালবৎ ॥১৯॥

অপি চ, কিমীশ্বরঃ দশরীরোহশরীরো বা কার্যৎ করোতি?
ন তাবদশরীরঃ, অশরীরস্ত কর্তৃত্বাতৃপলব্বেঃ। মানসাত্যপি কার্যাণি

ন্দব্য কর্তা হইতে পারেন না; হেতু — উাহাব অগনীনত্ব; দৃষ্টান্ত—যেকাপ, অশরীনী মুকাজা। (হে পূর্বপক্ষবাদিন্। যদি আপনাবা বলেন, ক্ষেত্রজ্ঞ জীব তো শঙ্গীরের সহিত ভাহাব প্রথম সহচ্চেব পূর্বে অশরীনী ছিল, অতএব, সশবীব গ বদিয়া জীবের জগংকর্ত্ত — এই নিঃমটি ব্যভিচানী হয অর্থাং তয় হয়, ওছত্তরে বলি — ইহা ঠিক নহে, কারণ, জীবেব পূল দেহ প্রাথির পূর্বে প্রস্কার করেবল পাকে। (এ বিষয়ে অস্থ্যান প্রয়াণ এইকাণ —) বিবাদের বিষয়ীস্থৃত কাল ক্ষবনও লোকশুল্ঞ (দেহশুল্ঞ) হয় না। হেতু — কালত্ব, দৃষ্টান্ত — যেমন, বর্ত্তনানকাল১ ॥১৯॥

আরও জিল্ঞাসা করি, ইবার কার্য করেন কি সশনীর অবস্থায় ? অথবা অশরীর অবস্থায় ? অশবীব অবস্থায় কার্য করা সম্ভব হয় না, যেহেতু অশনীবেদ কর্ম্মত দেখা যায় না। মনেদ ছারা যে সকল কার্য সম্পন্ন হয় সেই মানসিক-কর্মমত দেখা যায় না। মনেদ ছারা যে সকল কার্য সম্পন্ন হয় সেই মানসিক-কার্যবিদীর জয়ত শনীরের সন্তাব আবশ্যক। কারণ মন নিত্য হইলেও

;—অভিশ্রের এই যে, — পূর্ণজীয়ণ বলি হৈছেন—সদরীর বলিরা যদি কেঅজ্ঞ জীবতে জগৎকভারণে নীকার করিতে হব এবং অলবীর বলিরা বলি দ্বিরের জগৎকর্ত্ত অধীকার করিতে হব ওাহা হলৈ জীবের প্রথম শরীর গ্রহণের পূর্বে সে তার্বিরের কার অধ্যার করিতে হব তাহা হলৈ জীবের প্রথম শরীর গ্রহণের পূর্বে সে করির দির্মাণ করিয়া পররের কার অপরীর হলৈ যে তাহার কর্ত্ত থাকে না, দে-নিয়ম তো তল হইল। তত্ত্বরে ভাজভার বলিতেছেন — ক্ষেত্রজ জীব কোন কালেই অপরীর থাকে না, সপরীর হাকে না, ব্যবন ভাহার স্থল শরীর থাকেনা, তবন ভাহার হল শরীর থাকে। সপরীর হাকেনা, তবন ভাহার হল শরীর থাকে। করিবাহ মুল করিছ এই মুল করিছ এই মুল করিছ এই মুল করিয়ার বানা করিয়ানে নাই, অভীতেও ছিল না এবং ভবিজ্ঞতেও থাকিবে না। কর্ত্তবাদে কর্তার পরীর থাকা আবশুক বটে, কিছ এই শহীর মূল কি হল্প তাহার তো কিছুই নিয়ম নাই।

শশরীরটেখন ভবন্তি, মনমো নিত্যবেংপাশরীরেম্ যুক্টেয়ু তৎকার্যাদর্শনাৎ। নাপি সমরীরঃ, বিকল্পাসহত্বাৎ। তচ্চ শরীরং কিং নিতাম্
উভানিতাম্? ন তাবনিতাম্, সাবয়বস্থা তস্থা নিত্যত্বে জগতোহিপি
নিত্যত্বাবিরোধাদীখরাদিদ্ধেঃ। নাপ্যনিত্যম্, তদ্যতিরিক্ত তচ্ছরীরকেতোন্তাদানীমভাবাৎ। ক্রমেন হেতুরিতি চেৎ; ন, ভাশরীরস্থাত্বাবাহি। ক্রমেন বিত্তির চিৎ; ন, ভাশরীরস্থাত্বাহািৎ।

স কিং সন্যাপারঃ ? নির্ব্যাপারো বা ? অশরীরতাদের ন স্ব্যাপারঃ।

নাপি নির্ব্যাপারঃ কার্যৎ করোতি, মুক্তাগ্যবং । কার্যৎ জগদিচ্ছানাত্র(শরীব রহিত) মুক্ত পুফষগণেষ মানস বার্য দেবা যায় না। সম্বীব অবস্থাতেও ঈর্মর জগৎকর্তা হইতে পাবেন না; কারণ এ পলটি তর্কের জাবা প্রতিপাদন কবা যায় না। (এ-বিষয়ে তর্কটি এইরেপ—) তাঁহার শরীর কি নিত্য না অনিত্য গ নিত্য হইতে পাবে না, কারণ, সাব্যব এই শরীব যদি নিত্য হ্য তাহা হইলে অব্যববিশিষ্ট এই রুগতেবও নিত্তত্বে কোন বিবোধ খাকিতে পাবে না। (নিত্যবন্ধ সর্বদাই বর্ত্তমান, অহুৎপা), মুতবাং জগনে নিত্য হইলে ভাহার উৎপত্তি হইতে পাবে না, মুতবাং এই নিত্য জগতের উৎপাদকর্মপে ঈর্থবেন বর্ত্ত্ব প্রতিপাদিত হইতে পারে না। তাঁহার শরীর অনিত্যও ইট্রে পারে না। হাবব, (অনিত্য হুইল্লেই শরীরে কোন কালে উৎপত্তি প্রয়োজন, কিন্তু উৎপত্তি পারে (স্বিভিন্তেশ) ভিনি ভিন্ন এমন

সশ্বীর হইযা (এই ছিডীথ শ্বীবের) দ্বাবা ডিনি (জগং-নির্মাণক্রপ) কার্য কবেন, এইজপ স্বীকাৰ কবিলে 'অনবস্থা দোয' যটে, (অর্থাৎ প্রথমান্ত শঙ্গীরের জন্ম, তৎপূর্বে আবাৰ আর একটি শঙ্গীর, এইভাবে প্রপর শবীর বল্পনাব আর সীনা থাকে না।) পূন্বায, প্রশ্ন আরে — ইবল্প কি স্ব্যাপার (চেইাশীল) অথবা নির্যাপার ইবল ক্ষানাক্ষার অবস্থায় কোন ব্যাপার করা সন্তম নহে, এবং নির্যাপার ইবল কান্যাক্ষার অবস্থায় কোন ব্যাপার করা সন্তম নহে, এবং নির্যাপার ইবল কান্যাক্ষার কার্যক্ষার ক্ষান্তম এইজিয়াবার ইবল কান্যক্ষার ক্ষান্তম এইজিয়াবার ইবল কান্যক্ষার ক্ষান্তম ক্ষান্তম অব্যাধার কার্যক্ষার ক্ষান্তম ক্যান্তম ক্ষান্তম ক্ষান্তম

কিছুই ছিল না যাহা তাঁহাব শরীর উৎপাদনেব হেড়ু হইতে পাবে। (অশবীরী অবস্থায়) 'তিনি নিজেই নিজ শরীবের হেড়ু', এ-কথাও বলা যায় মা, কারণ (শবীর বিষয়ে) অশবীবের হেড়ুগুই হইতে পাবে না। যদি বলেন, (বে শরীবে ডিনি জগৎ নির্মাণ করিবেন সেই শবীর হইতে ভিন্ন) অপ্র এক্টি শরীরের স্বারা ব্যাপারকর্তৃকমিত্যুচ্যমানে প্রুত্তাপ্রসিদ্ধবিশেষণ্ডম্ ; দৃষ্টান্তগ্য চ সাধ্যহীনতা ৷ অতো দশ'নাতুগুণ্যেনেশ্বরাতুষানং দশ'নাতৃগুণ্যপরাহত-মিতি শাস্ত্রৈকপ্রমাণকঃ পরব্রহ্মভূতঃ সর্বেশ্বরঃ পুরুষোভ্যাঃ। শাত্রস্ত সকলেতরপ্রমাণ-পরিদৃষ্টসমস্তবস্ত্ব-বিসজাতীয়ং সার্বজ্ঞ্য-সত্যসম্বল্পগিদ-নিশ্রানবধিকাতিশয়াপরিমিতোদার-গুণসাগরং নিখিলহেয়প্রত্যনীক-স্বরূপং প্রতিপাদয়তি, ইতি ন প্রমাণান্তরাবসিত-বন্ত-সাধর্ম্যপ্রযুক্ত-দোষগন্ধ-প্রসঙ্গঃ ॥২০॥

যতু, নিমিভোপাদানযোরৈক্যমাকাশাদেনিরবয়বশু তদপ্যবিরুদ্ধমিতি কার্যত্বধান্তুপলব্ধনশক্যপ্রতিপাদনমিত্যুক্তন্,

নিষ্ণম বস্তু বলিলেও জগংকাণ 'পক্ষে' যে কাৰ্যন্থৰূপ বিশেষণ দেওয়া হইষাছে সেই 'ইচ্ছামাত্ৰ পৰিনিম্পন্ন কাৰছেব' এইরূপ বিশেষণ ভো কোখাওই প্রসিদ্ধি নাই, (অর্থাৎ কার্যন্তের 'অসিদ্ধতা' দোষ আসিষা পড়ে)। উপরস্ত ব্যবহৃত কুন্তকাবেন দৃষ্টাস্তটিও সাধ্যধীন (সাধ্যবিকল) হইয়া পড়ে, অর্থাৎ কৃত্তকাবাদি কর্তাকে কথনো ইচ্ছামাত্তেই কোন কার্য সম্পাদন কবিছে দেখা যায় না! সূতবাং প্রত্যক্ষ গৃষ্টান্তের অমূতাণ যে ঈশ্বর 'অমুমান' তাহা এই প্ৰত্যক্ষ দুষ্টান্তের দ্বাবাই বাধিত হুইন্ডেছে অভএব, প্ৰমন্তক্ষভূত সুৰ্বেশ্বর পুরুষোত্তম ('অফুমানাদি প্রমাণেব বিষয় নছেন) একমাত্র পাত্র প্রমাণেরই বিষয়। যিনি সর্বভাত্ এবং সর্বসঙ্গ্রন্থাদি বিশিষ্ট, যিনি অনবহিক (অসীন) অতিশ্য এবং অপ্রিমিত উদাব গুণের সাগব এবং অধিল ংয়গুণের (দোষের) বিরোধী গুণে পরিপূর্ণ এবং প্রভাকাদি অভাত প্রমাণের দাবা নির্ণীত বস্ত নিচয়ের যিনি বিজ্ঞাতীয় তাঁহারই স্বরূপ প্রতিপাদন করিতেছেন শাল্ল। অতএব অভান্ত প্ৰমাণেৰ দ্বাৰা প্ৰতিপাদিত বস্তুৰ সাধৰ্ম্যাগুণ্ডণ কোন দোঘাবদীৰ গন্ধ পৰ্যন্ত তাঁহাতে ধাকাৰ কিছুমাত্ৰ সম্ভাবনা ধাকিতে পাৰে না ॥২०॥ আরও, আপনার। (পূর্বপক্ষীয়গণ) যে বলিয়াছেন — একই বস্তু নিমিন্ত-

কারণ এবং উপাদানকারণ হইতে পাবে না এবং আকাশাদি নির্বয়ব বস্তুর উৎপত্তিও দেখিতে পাওয়া যায় না, স্মৃতরাং একেরই নিমিত্ত ও উপাদানকারণভা এবং আকাশাদি উৎপত্তি কিছুতেই প্রতিপাদন করা যায় না। এই সিদ্ধান্তের উত্তরে বলি, (ভাশ্বকার) — আপনাদের এই দিছান্ত ঠিক নহে, একেরই "প্রকৃতিশ্চ প্রতিজ্ঞা-দৃষ্টান্তাত্মপরোধাৎ" (বন্ধস্ত্র ১৪১৩), "ন বিয়দশ্রতেঃ" (বন্ধস্তর ২০০১), ইত্যত্র প্রতিপাদয়িক্যতে।

অতঃ প্রনাণান্তরাগোচরছেন শাব্রৈকবিষয়ছাৎ, "যতো বা ইমানি ভূতানি" ইত্যাদিবাক্যং উক্তলফণং রক্ষ প্রতিপাদয়তীতি শিক্ষম ॥২১॥

[क्छीयः भाष्ट्राविचाविकननः ममाश्रम् ।]

নিমিন্ত এবং উপাদানকারণতা এবং আকাশাদিব উৎপত্তি উভবেই যে সম্ভব তাহা 'প্রভিজা ও দৃঠান্ত অসুসারে জানা যার যে ভিনি প্রাকৃতিও বটেন' (ব্রহ্মপুত্র ১/৪/২০) এবং 'আকাশ উৎপত্র হয় না, যেহেতু উৎপত্তিবোধক কোন প্রাকৃতিবাক্য-নাই' (২৮৩১)১, এই তুইটি প্রেব অবলম্বনে পরে প্রতিপাদন করা হইবে।

অতএব, প্রত্যক্ষ অসুমানাদি অভ প্রমাণেব অগোচর বলিয়া ব্রহ্মবর্তী একমাত্র শাব্রেবই বিষয় (শাব্রেগম্)। এই জ্লছই, 'যভো বা ইমানি ভূতানি জায়ত্তে ····' ইত্যাদি বাকাসমূহ যে ব্রহ্মের লক্ষণ প্রতিপাদন করিতে সমর্থ, তাহা সিত্র ইল ৪২১॥

১—(২াজঃ) খন্তটি পূৰ্বগন্ধীয়, তৎপৱেই (হাজাহ) প্ৰৱে বলা হইডেছে 'অন্তিষ্ট' অৰ্থাৎ আকানেয় উৎপত্তিবোধক শ্ৰুতি আছে। বুধা শ্ৰুতি—তৈন্তি: আমুৰ: (১)।

⁽ ডভীয় - শার্রযোনিত্ব-অধিকরণ সমাধ ।)

৪-- লমব্বাধিকরশন (প্র-৪)

যন্তপি প্রমাণান্তরাগোচরং বন্ধ, তথাপি প্রবৃতিনির্বাত্তপরত্বা-ভাবেন দিহরূপং ব্রদ্ধ ন শাস্ত্রং প্রতিপাদয়তাত্যাশঙ্ক্যাহ—

ব্ৰহ্ম যদিও প্ৰডাকাদি প্ৰদাণান্তৰের অবিষয়, তথাপি যেহেত্ ব্ৰহ্ম বড়ানিছ বস্তু এবং নাত্রবাক্য হইতে ভাষার প্রবৃত্তি-নিবৃত্তি কিছুই বৃত্তা যায় না, নেকভ, শাস্ত্র কথনই ব্রহ্মবন্তকে প্রতিপাদন করিতে পানে না, অর্থাং শাস্ত্র ব্রহ্মবন্ত্রপদনে প্রথাণ হইতে পানে না)। (কার্যার্থবাধীর) এই আশস্তার নিরসনে বিশিষ্টেছন—

তত্ত্ব সমন্বরাৎ-- ৷৷১৷১৷৪৷৷

িখৰলৰ্থ—তৎ-ভাষা (প্ৰক্ৰেৰ শাস্ত্ৰপ্ৰবাশক্ষ) তু (কিছ) সমধ্যাৎ (প্ৰম পুৰুষাৰ্থেৰ স্থিত স্মাক্ স্থল্ল থাকাৰ) জানাং বাৰা }

মূল

প্রদক্তাশঙ্কানির্ভার্যঃ 'জু'-শব্দঃ। 'জু<' শান্তপ্রমাণকজ্ বন্ধণঃ
সম্ভবত্যের। কুজঃ ও 'সমন্বয়াৎ' — পরমপুরুষার্থভরা স্বায়ঃ; সমন্বয়ঃ;

অহুবাদ

সম্ভাবিত আশবা নিবৃত্তির জক্ত পুরে 'ডু' শবটি ব্যবহৃত হইয়াছে। ভাষদাঃ
 'তং' শব্দটির অভিপ্রায়—ব্রক্ষের শান্তপ্রমাণকত নিস্চাই বাষাহৃত কর্ম ক্যাবিদ্যার অধিকার নাম্যক্ত কর্মান্ত শান্ত ব্যবহৃত কর্মান্ত পর্মান্ত পর্মান্ত ক্যাবিদ্যার

১--শাম হুইতেছে বিশি-বিবেশায়ক, অর্থাৎ ইবা করিবে, ইবা করিবে না --শামরাক্য ইহাই বলিয়া বাকেন, হুভরাং শাম বন্দ এইছল এর্থি-নিমুদ্ধিবাকক, ভবন মুভ্যান্ত করু যে ত্রজ ভবিষয়ে শাম প্রমাশ হুইতে পারে না

—এই অধিকরণে—বিশ্লেষিত ষ্ট্রাছে — (1) বিষয় — শারবাক্ষের ব্রমপ্রতিপারকর, (২) মণের — ব্রের শারবাকিগাককা পারবানিটা লৈ গতবদত্ত রূপ
(০) পূর্ণক — পতাসিদ্ধা ব্রক্তরতে বন্ধা লোকের গ্রেইনিসির্ভিত কোন হাই
১ই তবন ইলাতে লোকের কোন অভীই প্রবেশন নিছিত্রত স্থাবনা নাই।
(৪) বিচার — পূল ক্যাপিত সংবাদ হাইতেহে একটি নিয় ঘটনা। এই সংবাদ
বর্ষণ ক্যাপ শিতার বর্জ থকা হুল-বিকাশার্মি কার্য পর্বনে বাবেয়র সক্ষতা (প্রায়ণ)

পরমপুরুষার্থভূতক্তৈব ব্রহ্মণোহভিষেয়তয়ায়য়াৎ ॥১॥

এবনেবৠ সম্মিতো হৌপানিষদঃ পদসমুদ্যঃ — "মতো বা ইমানি ভূতানি জায়ন্তে" (হৈজি: ৩০১০); "সদেব সোমেদ্যগ্র জাসীৎ একনেবাছিতীয়ন্" (ছা: উ: ৬০১০); "তদৈকত বহু ত্যাৎ, প্রজারেন্ট্রেড, তবেজোহস্জত" (ছা: উ: ৬০২০); "ত্রন্ধ বা ইদ্মেক্ষেবাগ্র জাসীৎ" (বৃহঃ ১৪৪১১); "জান্ধা বা ইদ্মেক এবাগ্র জাসীৎ" (ঐজঃ ১১১০); তথ্যাদা এতত্যাদান্ত্রন জাকাশঃ সভূতঃ" (হৈজি: ২০১০); "একে হ বৈ নারায়ণ জাসীৎ" (মহোণ ১১১); "সত্যৎ জ্ঞানমনন্তং বন্ধা (হৈজি: জাঃ ২০১১); "জান্ধা এক্ষা (হৈজি: ৩০৬০) ইতেবনাদিঃ ॥২॥

পুক্ষার্থ স্বরূপ বলিয়া প্রতিপাদন করিডেছেন, অভএব ব্রহ্ম যে শাক্র-প্রমাণগম্য ভাষা জানা যায়১ ৪১৪

উপনিষ্ণ্যত পদগুলিও এই ভাবেই (ব্রন্ধের সহিত) সহদ্ধ বহিবাছে।

যথা—'বাঁহা হইতে এই সকল ভূতবর্গ উৎপন্ন হয'; 'বে সোন্য, এই
পবিদুক্তমান ভগৎ স্টেগ পূর্বে নিক্তর এক অন্ধিতীয় সংখ্যাপ 'ছিল'; 'তিনি
ইচ্ছা কবিলেন—আমি বছ হইব, জন্মিব'; 'এই জগৎ স্টেগ পূর্বে এক
অন্ধ্যস্ত্রপই ছিল'; 'এই জগৎ স্টেগ পূর্বে এক আত্মাযক্ষপই ছিল'; 'নেই
এই আত্মা হইতে বিজ্ঞ হইতে) আকাশ উৎপন্ন হইল'; '(স্টেগ পূর্বে) এবমাত্র
নাবাহনই ছিলেন', 'বিদ্ধা সত্যুখ্যপ জানখন্ত্রপ এবং অনন্তব্যব্যপ'; 'ব্রদ্ধা
আনস্থ্যবর্গ' ইত্যাদি বাক্য ৪২॥

দৃট হয়, ওবন প্রবেষ অভীষ্ট পরম প্রয়োজন-সাধক পরস্থিবজ্ঞা রাজের প্রতিগাদক পাছ তো প্রমাণ ইইতে পারে। (২) নির্পন্ন বা দিছাত্ব — অত্তর্ব, হোছেডু সর্বন্ধনিবৃত্তি এবং ব্যক্তানক প্রাপ্তি ইইতেছে পূরুষের প্রয়োজন, সেই হেতু ষয়ং পূরুষার্থজন প্রাক্তান ব্যক্তের পারবাদিত কর্বনো জনিত হইতে পারে না।

- অবাধিন — পাঠজেদঃ ।

>— তিত্ দৰ্যবাং থানেৰ বিচায় ও বিশ্লেষণ — (১) বাদানুক কুৰ্তৃক নিজ পক্ষ উৰাপন, তাহার বিবোধী পূৰ্বপক—নীমাংলক, (২) প্ৰেণঞ্চনিম্বতিবাদী বাননিযোগ-বানী (২) বাৰ্মাৰ্থজানবাদী (পাছস্বয়ত) (ব) ভেদাভেদবাহী ভোত্ত্বমত) (গ) হৈত্-বাদী — এই তিন্দি বাদ গতন কৰিবা বাননিযোগবাদীর নিজ দিছাত স্থানন। ০) বীনাসেক কৰ্তৃক বাননিযোগবাদীর দিছাত্ত গতন এবং নিজ দিছাত স্থান। ন চ, বৃহৎপত্তিসিদ্ধ-পরিনিষ্পানবস্তপ্রতিপাদনসমর্থানাং পদসম্
দায়ানাম্বিলজগড়্ৎপত্তি-দ্বিতি-বিনাশহেতুভূতাশেষদোযপ্রতানীকাপরিনিতোদারগুণসাগরান্বধিকাতিশ্রান্দম্মনেপ ব্রহ্মণি সম্মিতানাং
প্রতি-নির্তিরপপ্রয়োজনবিরহাদ্যপ্রতম্য, প্রবিয়াব্বোধ্পর্যব-

সমন্ত প্রমাণেকই উদ্দেশ্য হইতেছে নিজ নিজ বিশ্বয়ে (যে বিষয়েক প্রমাণিক বরার জন্ম প্রমাণ ব্যবহাত হইতেছে সেই বিষয়ে) জ্ঞান উৎপাদন কৰা। (মন্ত বিষয়ের এই জ্ঞান সমুংপাদন কৰিবা ভাষাকে প্রমাণিক কৰিছে পাবিলে ভাষাতেই প্রমাণের সার্থকতা লাভ হয়।) শব্দ-শাস্ত্রও (ক্রদ্ধেশক বেদান্তও) ভাষার অর্থ নিরূপণ শক্তিন থাবা পাবিনিশার বন্ধ (ক্রদ্ধেশক বেদান্তও) ভাষার অর্থ নিরূপণ শক্তিন থাবা পাবিনিশার বন্ধ (ক্রদ্ধেশক প্রতিপাদনে সমর্থ এবং এই শাস্ত্রগত বিভিন্ন পদ অথিল জগতেন উৎপত্তি স্থিতি ও বিন্যাশের হেতুক্তি, সর্বপ্রকার দোঘনহিত, অনীম উদাবত্যেশ সাগদ নিন্বধিক অভিশ্য আনন্দর্শ্বপ ক্রম্থে সম্যক্রণে অবিত। অভত্রব, কেবল প্রেবি-নিন্তিরণণ প্রযোজনেশ অভাবেই যে এই স্বরণ পাবের অভ্যাপন্থ অর্থাৎ বন্ধাবিষয়ে অপ্রমাণ্ডা ভাষা ইইতে পাবে না১। প্রমাণ ব্যবহার প্রামাণ্য

১—পাছের ফিরাণয়ন্তবাধিগণের (বীনাংগকাদির) যতে—বিবিনিংবাল্লফ শাসনাল্লক বাক্যাবলীকে 'নাহ' বলা বহু (শালনাৎ শাহং)। যে নকল বাক্য প্রম প্রমার্থপাতের উদ্দেশ্যে করিও বার্লি এবং সাংলাহিক লাতের উদ্দেশ্য করিও বার্লি বার্লি এই সংগণ বের নেই বার্লাসমূহ 'পাহে' নাবের ছারা প্রমার্থকের প্রবৃত্তি বারি এই উদ্দেশ বের নেই বার্লাসমূহ 'পাহে' নাবের অভিছত। প্রমার্থকের বিশ্বর বিশেবে প্রম্নুত এবং বিষর বিশেব হুইতে নির্ভূত করাই পাহের প্রমার উদ্দেশ্য। যে নকল নাবের এইজা প্রস্তৃত্তি বা নির্ভূত্ত উদ্দেশ নাই, বছর বর্ণনা বানিশ্যে বাণাবের উভিযানে ভাবা শাল নহে এবং প্রমান্য নাবের অভ্যাব বার্লাস নাবের বার্লাস বাণাবের উভিযানে বার্লাস বাংলা বার্লাস বার্লাস বাংলা বার্লাস বার্লাস

ভান্তবাহের মতে—বেখাল বাকা প্রেরজি-নিবুজিবোগক নাধ বণিয়াই বে ত্রম্ব-প্রজিপাদনে অসমর্থ ভাষা হবিতে পারে না ভাষা নাই। কাষণ—প্রবেদ্ধ অভীক্তা প্রকাশন নিরিত্র সহিত এই কণণ বাক্যিয় বপাছ আছে বিনিয়াই ভাষাকে প্রিক্তান করিছে বিনাম করিছে প্রামাণ। বীকার করিছে ববিতা সম্প্রকাশন করিছে উদ্বেদ্ধ করিছে বিনাম তার্বাগর নির্ভিগ্য আবদ্ধ করিছে বিনাম তার্বাগর করিছে বিনাম করি

সায়িষাৎ সর্বপ্রমাণানাম্। ন চ প্রয়োজনানুগুণা প্রমাণপ্রর্ন্তিঃ, প্রয়োজনৎ হি প্রমাণানুগুণম্। ন চ প্রবৃতি-নির্ব্যযয়বিরহিণঃ প্রয়োজনশ্রুতম্, পুরুষার্থাযয়প্রতীতেঃ। তথা, স্বরূপপ্রেমণি 'পুরুন্তে জাতঃ', 'নায়ৎ সর্পঃ', ইত্যাদিষু হর্ষভ্য়নির্তিরূপপ্রয়োজন-বন্তং স্টুম ॥৩॥

ষত্রাহ—ন বেদান্তবাক্যানি ব্রদ্ধ প্রতিপাদয়ন্তি, প্রবৃত্তি-নির্ত্তা-ঘয়বিরহিণঃ শাত্রতানর্থক্যাৎ। ঘত্তাপি প্রত্যক্ষাদীনি বস্তুযাধাল্যাব-বোধে পর্যবস্তুত্তি, তথাপি শাত্রৎ প্রয়োজনপর্যবসাযোর। ন হি

বিষ্যেৰ অন্থাত নতে পকান্তৰে প্ৰামাণ্য বিষ্যই তাহাৰ প্ৰমাণকৈ অনুস্কান কৰে। ১ আৰার, প্ৰবৃতি-নিবৃতিবোধক না হইলে যে পদসমূহ নিপ্ৰেয়েজন ইইবে তাহা ঠিক নহে, থেছেতু ঐ সকল পদসমূহে পুক্ষার্থ অর্থাৎ সংসাব বিমুক্তিরূপ প্রযোজনেৰ সম্বন্ধ বিজ্ঞান আছে। 'তোমার পুত্র জ্ঞিয়াছে,' 'ইহা সর্প নহে'—এই প্রকার পনিনিপার ব্যাপারে বোধক বাক্ষোও হর্ষোৎপাদন ও ভয়নিবৃত্তিরূপ প্রযোজন সাধন দেখা যায়২ ৪০০

(উক্ত সিদ্ধান্তেৰ প্ৰতিবাদে পূৰ্বপক্ষ বলিভেছেন—)

পূর্বগক্ষ— মীয়াংসকঃদি কার্বপরত্বাদিগণ বেদান্ত বাক্যসমূহ ব্ৰহ্মবস্ত প্ৰজিপাদনে সমর্থ নহে।
কেন না, প্ৰবৃত্তি-নিবৃত্তিবাধক নহে বলিয়া এই বেদান্ত শাত্র নির্থক বা নিপ্রধান্তন, (অত এব অপ্রমাণ)। যদিও প্রত্যকাদি প্রমাণ্ডলি বস্তুর যণার্থ স্বত্রপ বোধ করাইযা

নিয়ন্ত হয়, তথাপি—শাস্ত্র-প্রমাণ বেদ প্রমেষ বস্তুর প্রয়োজন জ্ঞাপন করিয়া

১—পরবন্ত ধবির যে আনন্দগর এবং অশেব জুপের লাগর তালা প্রবাদিত হইবার পরে তাঁহার বিবরে বে সাধন ভক্তন পরব প্রহাকন তালা দির হয়। এই জুলুই যাধুনালার্থ তাঁহার 'গীতার্ধ-সংক্রাহ' পিথিবাছেন—'ভক্তনুপপতি-বিবৃদ্ধার্ক্ত বিস্তাধি লংমাদিত।' কর্মাং তাজিক উৎপতি এবং বিবৃদ্ধির শুক্তই দশন অব্যাবে প্রীপ্রবানের মহিনা প্রতিপাদিত হইবাছে।

ং—'ভোষার প্র জমিবাছে', 'এট দর্শ নহে'—এইকণ নিলার বাগার বা বন্ত বোধক বাকো কোনকণ প্রকৃতি-নিতৃতির সম্বন্ধ না থাকিলেও এই বাকার্য যথাক্রেয হুর্বেংশায়ন এবং ভ্রুবিন্তৃতি করিয়া থাকে। অতএব নির্বাধক বাকাও লোক-বেদয়োঃ প্রয়োজনরহিতত্ত্ব কন্তচিদপি ৰাক্যত্ত প্রয়োগ উপলব্ধচরঃ। ন চ কিঞ্চিৎপ্রয়োজনমতুদ্দিশ্য বাক্যপ্রয়োগঃ শ্রবণং বা সম্ভর্বতি। তচ্চ প্রয়োজনং প্রবৃত্তি-নির্বৃত্তিসাধ্যেটানিষ্টপ্রাণ্ডি-পরিহারায়কমুপলরুম্,—'অর্থার্ণী রাজকুলং গচ্ছেৎ'; 'মন্দাগিনান্থ পিৰেৎ'; 'স্বৰ্গকামো যজেত'; [यजुः ২।৫।৫]। 'ন কলঞ্জৎ ডক্ষয়েৎ'.

ইতোৰমাদিৰ ॥৪॥ যৎ পুনঃ সিদ্ধবস্তপরেদিণ 'পুত্রস্তে জাতঃ', 'নায়ং সর্পঃ— রভকুরেষা' ইত্যাদিয় হর্ব-ভয়-নির্ভিরূপ-পুরুষাথায়য়ো দৃষ্ট ইত্যুক্তন্। তত্র কিং পুত্রজন্মান্তর্থাৎ পুরুষার্থাবাণ্ডিঃ? তজ্জানাৎ ? ইতি বিবেচনীয়ন্। সতোহপ্যর্থস্যাজ্ঞাতশ্যঃ অপুরুষার্থ-বেন তজ্জানাদিতি চেং; তহ্যসত্যপার্যে জ্ঞানাদেব পুরুষার্থঃ

নিজ উদ্দেশ্য সার্থক করে (বস্তব শ্বরূপ জাপনেব প্রতি লক্ষ্য করে না)। দেখা যায যে লৌকিক কথাৰাৰ্ডায় ভাগৰা বেলে (কৰ্মকাণ্ড বা পূৰ্ব মীমাংসায) কোণাওই প্রযোজন-শৃত্য বাক্যেব প্রযোগ নাই। কিছু না কিছু প্রয়োজনেব উদ্দেশ্য বিনা কোণাও কোন বাক্যের প্রয়োগ অথবা প্রবণ সম্ভবপর হয় না। এই প্রযোজন হইতেছে নিজ নিজ ই**ট প্রাপ্তি এবং জনিট নিবৃত্তিরাপী।** এই প্রযোজন আবাৰ সাধিত হুগ বাকাঘটিত প্রেবণামূলক প্রবৃত্তি ও নির্ভিত্ত দ্বারা। যথা—'অর্থকামী ৰাজবাডী গমন কবিবে।' 'খাহাব পবিপাক শক্তি বাসা। ব্যা অব্যান বাজবাজা বাব বাবে । বাবা বিষয়ার বাবে বিষয়ার বিষয় (বিষাক্তবাণবিদ্ধ পশুপক্ষীর মাংস অথব। গুৰু মাংস) ভক্ষণ কবিবে না³ IIII।

আর ইতিপূর্বে যে বলা হইয়াছে—নিষ্ণান্ন অর্থবোধক (প্রেরণাবোধক নছে) '(जामात भूज अभिवारह', 'मर्भ गटर, हेश बच्चू' हेजाहि वात्राध हर्ष धवा ভ्यापि निवृच्छित्रभ शूकरवत्र आर्याब्हरनव (शूक्यार्थन) मध्य (मथा याय ; ण्ड्छदत्र ভ্রমান ক্ষিত্র স্থানে কি পুত্র-জন্মাদি ঘটনা হইতে হর্যাদি পুরুষার্থ লাভ रूप । अथवा और शूजक्ताणि विषयं कान वहेर्ड इव १ - जारा विस्तृतना करा হব। বিষয়ের বিষয়ের জান উৎপদ্ম না হইলে যথন উচিত। যদিবলেন, বিভ্নমান বক্সর বিষয়ের জ্ঞান উৎপদ্ম না হইলে যথন (হর্ষাদি) কোন অভীষ্ট (প্রয়োজন বা পুক্ষার্থ) সাধিত হয় না তখন সেই (২৭। বিষয়েৰ জ্ঞান ইইডেই (হর্ষাদি) পুক্ষার্থ সিক হয়। ভাহা হইলে পুত্রজন্মাদি বিষয়েৰ জ্ঞান ইইডেই (হর্ষাদি) পুক্ষার্থ সিক হয়। পুএলগাদ । বৰ্ণে অনু ২২১ (২বন্না) সুক্ৰৰ ল'ব বন্দ আৱা হুংলি ডো, পদাৰ্থ না থাকিলেও যুখন তাছিষ্যক জ্ঞানই (লোকের) পুরুষার্থ সিজিডে

নত্যেহণ্যক্রাতকার্বক — পাঠকেনঃ।

সিধ্যতীত্যর্থপরতাভাবেন প্রয়োজনপর্যবসায়িনোহপি শাদ্রত্য নার্থ-সভাবে প্রামাণাম। তত্মাৎ সর্বত্র প্রবৃত্তি-নিরুত্তিপরত্বেন ভ্রানপরত্বেন বা প্রয়োজনপর্যবসাননিতি কন্তাপি বাকান্ত পরিনিপ্সরে বন্তনি তাৎপর্যাসম্ভবাৎ ন বেদান্তাঃ পরিনিম্পন্নং ত্রন্ধ প্রতিপাদয়ন্তি 🕪

অত্র কশ্চিদাং – বেদান্তবাক্যাত্মপি কার্যপরতয়ৈব বৃদ্ধণি প্রমাণভাবমন্তভবন্তি। কথম ? নিপ্রাপঞ্চমদ্বিতীয়ং জ্ঞানৈকরসং ব্রহ্ম অনাত্যবিভায়া সপ্রপঞ্চত্যা প্রতীয়মানং নিম্প্রপঞ্চং কুর্যাদিতি ব্রহ্মণঃ প্রপঞ্চবিলয়দ্বারেণ
 বিধিবিষয়ত্বমিতি ৷ কোৎসৌ দ্রান্ট্র-দৃষ্ট্যরূপ-

সমর্থ হয়, তথন শান্ত প্রয়োজন সাধনে সমর্থ হইলেও পদার্থ বা বিষয়ের অভিছ থাকিতেই হইবে এরূপ কোন নিযম না থাকায় প্রতিপাল বিষয়ের অতিপ নিষ্কারণে উহার প্রামাণা দিছ হয় না। স্থাতবাং দেখা ঘাইতেছে যে, শাস্ত্রবাক্য স্বতিই প্রবৃত্তি নিবৃত্তি বিষয়ে জ্ঞান অথবা ব্যক্তবা বিষয়ের জ্ঞান উৎপাদনের দ্বাবাই সার্থক হইযা থাকে। অভএব, পরিনিপার (স্ব্যাসিদ্ধ) ব্রহ্মবস্তাতে কোন শাল্রবাক্যেবই ভাৎপর্য থাকে না বলিয়া বেদায় বাকাসমূহ ব্রেক্ষব প্রতিপাদক হইতে পাবে না ॥৫॥

প্রপঞ্চনিবহির বেদান্ত বাকাসকলও কার্যপর অর্থাৎ (প্রবৃত্তি-নিবৃত্তিরূপ) ভিয়োগৰামী এবং মানাংগকের এখোতর— ক্রিয়া প্রতিপাদনের দ্বাবাই প্রামাণ্য হইয়া (মীমাংসকাদির প্রশ্ন) কি প্রাকাবে ? (প্রপঞ্চনিবৃদ্ধি-নিয়োগবাদীর উত্তব)— নিপ্সপঞ্চ অর্থাৎ ভেদ্বহিত অদিতীয় একমাত্র জ্ঞানস্বরূপ ব্রহ্মই অনাদি অবিছা-বৰতঃ সপ্ৰপঞ্চ বা ভেদবিশিষ্টক্ৰণে প্ৰতীযমান হইয়া থাকে, বেদাস্ত বাকো এই প্রপঞ্চ বা দৈতভেদ বিনাশের দ্বাৰা সপ্রপঞ্চ ব্রহ্মকে নিষ্প্রপঞ্চ কবিবার উপদেশ থাকায়, এই নিষ্প্রপঞ্চকরণবাপ ক্রিয়ার কর্মকে (ব্রহ্মকে) এই ক্রিয়াবিধির বিষয় কৰা হইয়াছে। (পুনঃ মীমাংসকাদির প্রশ্ন)—বেশ কথা এটু-দুখ্যরূপ

এ বিষয়ে, কোন কোন মতবাদী১ বলিয়া থাকেন যে

>→কোন কোন মতবালী--প্ৰশঞ্চনিব্ভি-নিয়োগবালী (অর্থাৎ ইচারা বলেন বে বেদাশ্ববাক্য অমন্ত্ৰণী জগৎপ্ৰণক্ষের নিবর্তক)—ইছাদের মতে বেদাশ্ববাক্যাবলী চইডেছে প্রবৃত্তি-নিব্ভিবোধক, অতথ্য প্রামাণ্য। ইহারা অবৈত্বাদীয় অন্তর্গত একপেকাৰ মতবাদী।

প্রপঞ্চপ্রবিলয়দারেণ সাধাজ্ঞানৈকরস-ব্রহ্মবিষয়ো বিধিঃ? — "ন দৃষ্টেন্দ্রপ্রায়ঃ, ন মতের্মস্তারং মুখীণাঃ" [বৃহদা ৩।৪।২] रेट्य वर्मानिः । स्रष्टे - मृण्य स्मृण्य मृणिमात्यः वस्य कूर्यानिकार्याः । স্বতঃসিদ্ধস্তাপি ব্রহ্মণো নিপ্তাপঞ্চার্রপেণ কার্যত্বর্মবরুদ্ধন্ ইতি ॥৬॥

डम्यूरुम्-निरग्नाग-वाकाार्थवाणिना हि निरग्नागः, निरमाका-বিশেষণং, বিষয়ঃ, করণম্, ইতিকর্তব্যতা, প্রযোক্তা চ বক্তব্যাঃ।

এই জগৎপ্ৰপঞ্চেৰ বিলয়ন বা নিৰুন্তিৰূপ কাৰ্যেৰ দ্বাৰা জ্ঞানৈকণ্বভাব ব্ৰহ্মেৰ সাধন বিষয়ে ৰিধি শান্তৰাব্যে আছে বি ? (নিযোগৰাদীৰ উত্তর—) আছে। যথা শান্ত-বাক্য- 'দৃশ্য বস্তুব ভটাকে দর্শন করিবে না', 'মননীয বস্তুব সননকর্তাকে মনন কবিৰে না', ইত্যাদি ৰাক্য। তাংপ্য এই ৰে--স্ত্ৰী এবং দৃশ্য এই প্ৰকার ভেদ-শৃত কেবল দৃশিমাত্ররণে (জ্ঞানবকণ) ব্রহ্মকে জ্ঞান কবিৰে চিন্তা করিৰে। (অর্থাৎ ব্রক্ষে অধ্যক্ত হৈছে প্রাপক্ষরণ ভ্রম অগনীত করিবা কেবল তাঁহাব জ্ঞান-স্বৰূপতারই বোধ কনিবে, চিন্তা করিবে।) এক্স পরিনিপ্ণয় বস্তু অর্থাৎ স্বতঃসিধ বস্তু হইলেও তাঁহাৰ নিপ্তাপঞ্ভাব সম্পাদন ধাৰা ভাঁহাৰ 'কাৰ্যছ' বা ক্ৰিয়ায় বিষয়ত্ব হওয়া বিকৃত্ব হয় না অৰ্থাৎ তাঁহাকে ক্ৰিয়ানাধ্য 'কাৰ্য-ৰন্তু' কৰা অসকত হয় না। (অভএব, এফা স্বভঃসিদ্ধ বস্তু হইলেও এফা প্রতিপাদক বেদাস্ত শান্ত প্রকৃতি-নিবৃত্তিবোধকরূপ অর্থাৎ ক্রিফুপবরূপে ব্রন্মের প্রতিপাদক বলিয়া বেণান্তবাকো নিবর্থক নহে, সার্থক অর্থাৎ প্রামাণ্যই) ॥৬॥ (মীমাংদকাদি পূর্বপক্ষ—প্রত্যুত্তব) না, একণা যুক্তিযুক্ত নহে, বাঁহারা বলিয়া

থাকেন যে, 'নিযোগই' বাক্যেব একমাত্র অর্থবা প্রযোজন তাঁছাদিগকে 'निरवारा', 'निरवाक्ष्य-विरम्पय', (निरवारशय) 'विषय', 'कत्रय वा त्राथन', 'हेडि-কর্ত্তব্যতা' এবং নিযোগেব 'প্রযোজা'১--এই সমন্ত বিষয় বিশ্লেষণপূর্বক নিদ্ধাবণ করিয়া বলিতে হইবে। তল্মধ্যে আপনাদেব বক্তব্য ক্ষেত্রে অর্থাৎ

निरवाश-किवा वा कार्य, निरवाका-वाहाटक कार्य निवृक्त करा हव, নিয়োল্য-বিশেষণ-কি প্রকার (কি বিশেষণ্যুক্ত) লোককে এই নিয়োগকার্যে নিযুক্ত করিতে হইবে, নিজোগের বিবশ্ব-নিলোগরুল কাবের হারা যে বিষয়ট বা যে ফলটি मक स्थ , देखिनर्खनाजा -- वार्यंत वा चहुतानव ग्वांगत वर्षा धानी; প্রযোকা—নিষোগের প্রযোগকর্তা।

তত্ত্ব হি নিষোধনবিশেষণমত্পাদেয়ম্। তচ্চ নিমিন্তম্, ফলমিতি
দিধা। অত্ত্ব কিং নিষোজ্যবিশেষণম্? তচ্চ কিং নিমিন্তম্, ফলং
বা, ইতি বিবেচনীয়ম্। বন্ধবন্ধপথাপ্তাগ্যান্তবশ্চেৎ নিযোজ্যবিশেষণম্; তঠি ন তৎ নিমিন্তং, জীবনাদিবং তত্ত্যাসিদ্ধজাং।
নিমিন্তক্ষে চ তত্ত্ব নিত্যকোপবগোন্তরকালমপি জীবননিমিত্যাগ্যহোত্রাদিবন্নিত্য-তদ্বিষয়ানুষ্ঠানপ্রসঙ্গঃ। নাপি ফলম্; নৈয়োগিকফলকে বর্গাদিবদনিত্যজ্প্রসঙ্গাং॥

বেদায়বাকা প্রপঞ্চ নিব্যত্তিকপে নিযোগপর বা ক্রিয়াপর এই সিদ্ধান্তে, ত্রন্দের জ্ঞানস্বৰূপ-অনুভবৰণী নিয়োজ্য-বিশেষণটি উপাদেয় বা বিধেষ বা সাধ্যবস্ত হইতে পারে না, (যেহেতু ইহা নিযোগের পূর্ব হইডেই বিজমান আছে): আবার, এই নিযোজ্য বিশেষণ ছই প্রকার হইতে পারে—(১) নিমিত, (২) ফল। এই স্থলে এই নিয়োজ্য-বিশেষণ কোনটি গ নিমিত অথবা ফল, তাহা বিবেচনা কৰিযা দেখা প্রযোজন। জ্ঞানস্বরূপের অগ্নভূতিকে নিযোজ্য-বিশেষণ বলিলে তো উহা নিমিত্ত বা কারণ হইতে পাবেনা, বেহেতু উহা অর্থাৎ জ্ঞানস্বরূপ ব্ৰহ্মামুভৃতি নিযোজ্য ব্যক্তির নিকটে নিয়োগের পূর্ব হইতেই দিল্প বা নিষ্পন্ন বিষয় নছে (দেখা যায় যে অঞাক্ত ক্ষেত্রে এই নিমিণ্ডটি নিযোগের পূর্ব হইডেই একটি নিজান বিষয় হইয়া থাকে, যেমন যাৰজীবন অগ্রিছাত যজাস্ঠানে বিধিতে নিয়োজ্য বিশেষণক্রপ নিমিত্তরূপ জীবন একটি পরিনিপার বিষয)। আবার ব্রক্ষেব যাথাত্ম্য অহুভবকে নিমিত্ত বলিয়া ধরিয়া লইলেও যাবজীবন অগ্নিহোত্রাদি অমুষ্ঠানের স্থায় এই স্থলেও ব্রহ্মস্বরূপ জ্ঞানজনিত মুক্তির প্রেও এই নিশায় বিষয়ক অখুষ্ঠানেৰ আৰশ্যক হইতে পাৰে। আবার ফলকেও অর্থাৎ দ্বৈতজ্ঞান নিবৃত্তিপূর্বক অধৈত ব্রশ্বজ্ঞান নিয়োজ্য-বিশেষণ বলা যাইতে পারে না, কেন না তাহা হইলে ভৌ নিযোগ দ্বাবা উৎপত্ন বস্তু স্বর্গাদি ফলের লায ত্রদ্ধ জ্ঞানরূপ ফলেরও উৎপত্তি মানিতে, হয়, সুওরাং ইহার অনিত্যত্বং উপপন্ন হইতে পারে ॥৭॥

১— মুক্তিলাতের পরেও বধন বাদের বাধায়্য অহভূতি বিশ্বখান থাকে তথনও মৃদি পুনরাব নিবাগ-অহঙানের প্রবোধন হয়, তাহা হইলে তো কথনই আয় এই অহঙানের বিরাব হইবে না। অতএব ব্রক্তের বাধায়্য-অহভূতিকে নিবোধ্য-বিশেশণ হলা বাহ না।

২--সমত উৎপত্ন বস্তুই অনিত্য, বেংহতু উৎপত্তির আগে তাহাদের অভিছ লগত না

